# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪-৭২৮

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩ / ১০ মে ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: ইবতেদায়ি স্তরের পূর্ণাঙ্গ মূল্যায়ন নির্দেশিকা - ২০২৬ প্রকাশ প্রসঙ্গে।**

সূত্র: এনসিটিবি'র স্মারক নং: শিউ:/কাউশিই/৬৮/২০০২ (পার্ট-২)/৫৬৮, তারিখ: ২৭ এপ্রিল ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ইবতেদায়ি স্তরের পূর্ণাঙ্গ নির্দেশিকা ২০২৬ (কপি সংযুক্ত) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রকাশ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


প্রফেসর এফ এম শাকিরুল্লাহ

প্রকাশনা নিয়ন্ত্রক

ফোন: ০২-৯৬১১৫৪০

ই-মেইল: conpub@bmeb.gov.bd


অধ্যক্ষ/সুপার/ইবতেদায়ি প্রধান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা

নং- ৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪- ৭২৮(৪)

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ / ২৩ জুলাই ২০২৫

বিতরণ-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২. পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
৩. পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
৪. অফিস কপি।


ড. মোহাম্মদ হেদায়েত উল্লাহ

কারিকুলাম বিশেষজ্ঞ

ফোন: ০২-৯৬১৫৫৭৬

ই-মেইল: curriculum@bmeb.gov.bd

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: শি: উ:/কাউশিই/৬৮/২০০২ (পার্ট-২)/৫৬৮ তারিখ: ১৪ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল, ২০২৬ খ্রি.

**বিষয়: প্রস্তুতকৃত ইবতেদায়ি স্তরের পূর্ণাঙ্গ মূল্যায়ন নির্দেশিকা-২০২৬ এর হার্ড ও সফট কপি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র যার স্মারক নং: ৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০১.২৪.৭১৬, তারিখ: ২৬ ফেব্রুয়ারি, ২০২৬-এর প্রেক্ষিতে বিষয় বিশেষজ্ঞ ও মূল্যায়ন বিশেষজ্ঞদের সমন্বয়ে প্রস্তুতকৃত ইবতেদায়ি স্তরের পূর্ণাঙ্গ মূল্যায়ন নির্দেশিকা-২০২৬-এর চূড়ান্ত কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৭/৪/২৬

**(মো: মাহবুবুল হক পাটওয়ারী)**
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনসিটিবি
ফোন: ২২৩৩-৮৫৪৩২

স্মারক নং: শি: উ:/কাউশিই/৬৮/২০০২ (পার্ট-২) তারিখ: ১৪ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল, ২০২৬ খ্রি.

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

# ইবতেদায়ি স্তরের মূল্যায়ন নির্দেশিকা ২০২৬

## প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ভূমিকা

মূল্যায়ন শিক্ষাক্রমের একটি অবিচ্ছেদ্য অংশ। মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর শিখন অগ্রগতি নিরূপন করা হয়। প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য একটি কার্যকর মূল্যায়ন পদ্ধতি প্রণয়নের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর উদ্যোগে প্রাথমিক স্তরের মূল্যায়ন নির্দেশিকা-২০২৬ প্রণয়ন করা হয়েছে। শিক্ষার্থীদের শিখন নিশ্চিত করার পাশাপাশি বাংলাদেশের প্রাথমিক শিক্ষার বিদ্যমান বাস্তবতা, সামাজিক মনস্তত্ত্ব এবং শিক্ষার অন্যান্য স্তরে প্রচলিত মূল্যায়ন ব্যবস্থাকে বিবেচনায় নিয়ে প্রাথমিক স্তরে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের যৌক্তিক সমন্বয়ের মাধ্যমে এ মূল্যায়ন পরিকল্পনা করা হয়েছে। সাধারণ ধারার বিষয়সমূহ ৩টি পৃথক কর্মশালার মাধ্যমে শ্রেণি শিক্ষক, প্রধান শিক্ষক, সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, পিটিআই/ইউপিইটিসি-এর ইনস্ট্রাক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক, জাতীয় শিক্ষাক্রম কোর কমিটির (এনসিসিসি) সদস্যবৃন্দ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এবং এনসিটিবির বিশেষজ্ঞগণের সক্রিয় অংশগ্রহণে বিস্তারিত আলোচনা, বিশ্লেষণ ও যাচাই বাছাইয়ের মধ্য দিয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের শিখন অগ্রগতি মূল্যায়নের জন্য এই মূল্যায়ন নির্দেশিকাটি চূড়ান্ত করা হয়েছে। সাধারণ ধারার ধারাবাহিকতায় পৃথক কর্মশালার মাধ্যম শ্রেণি শিক্ষক, মাদ্রাসা প্রধান, বিষয় বিশেষজ্ঞ, কারিকুলাম বিশেষজ্ঞ, পেডাগগ, এনসিটিবির বিশেষজ্ঞগণ এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার বিশেষজ্ঞগণের সক্রিয় অংশগ্রহণে তাঁদের ঐকমত্য সিদ্ধান্তের ভিত্তিতে মাদ্রাসার ইবতেদায়ি স্তর (১ম-৫ম)-এর আরবি বিষয়সমূহের মূল্যায়ন নির্দেশিকা (অংশ) প্রণয়ন করা হয়েছে।

ইবতেদায়ি স্তরের মূল্যায়ন নির্দেশিকা-২০২৬ দুটি অংশে বিভক্ত। প্রথম অংশে সামগ্রিক মূল্যায়ন কাঠামো, সাধারণ নির্দেশনা, মূল্যায়নের তথ্য সংরক্ষণ ছক ও শিখন অগ্রগতি প্রতিবেদনের নমুনা তুলে ধরা হয়েছে। দ্বিতীয় অংশে শ্রেণিভিত্তিক ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের বিশেষ নির্দেশনা এবংনমুনা প্রশ্ন কাঠামো সংযুক্ত করা হয়েছে।

ইবতেদায়ি স্তরের মূল্যায়ন নির্দেশিকা-২০২৬ অনুসারে প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের শিখনকালীন পাঠ্যপুস্তকের কাজ, ভাষাদক্ষতা/বোধগম্যতা, সক্রিয়তা ও ক্লাস টেস্টের সমন্বয়ে ধারাবাহিক মুল্যায়ন সম্পন্ন করা এবং বছরের নির্দিষ্ট প্রান্তিকে একজন শিশুর শিখন অবস্থান বোঝার জন্য সামষ্টিক মূল্যায়নের কার্যক্রম পরিচালিত হবে। মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য এ নির্দেশিকায় সাধারণ নির্দেশনার পাশাপাশি বিষয়ভিত্তিক বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে। শিক্ষক যেন সহজে শ্রেণিকক্ষে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে শিক্ষার্থীর শিখন নিশ্চিত করতে পারেন এবং অভিভাবককে শিক্ষার্থীর শিখন অগ্রগতি বিষয়ে যথাযথভাবে অবহিত করতে পারেন সে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। প্রাথমিক শিক্ষার সকল ক্ষেত্রে শিখন-শেখানো কৌশল ও মূল্যায়নের জন্য একই পদ্ধতি অনুসৃত হলে শিক্ষার্থীদের সুষম ও সমন্বিত বিকাশ সহজতর হবে।

উল্লেখ্য, মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নকালে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি পর্যবেক্ষণপূর্বক শিক্ষক,


অভিভাবক ও সংশ্লিষ্ট অংশীজনের মতামত নিয়ে মূল্যায়ন নির্দেশিকাটি প্রয়োজনীয় পরিমার্জন করা যেতে পারে।

ইবতেদায়ি স্তরের মূল্যায়ন নির্দেশিকা ২০২৬ মাদ্রসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন শিক্ষক ও শিক্ষার্থীদের যোগ্যতাভিত্তিক শিখন নিশ্চিতকরণে সদর্থক ও আমূল পরিবর্তন আনবে। এটি অভিজ্ঞতামূলক শিখন, ধারাবাহিক মূল্যায়ন এবং ইবতেদায়ি স্তরের শিক্ষার্থীদের আত্ম-উন্নয়নে প্রভূত ভূমিকা রাখবে প্রত্যাশা করছি এবং এর সুস্থ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করছি।

# সাধারণ নির্দেশনাবলি

## ১. মূল্যায়ন কাঠামো

ইবতেদায়ি স্তরে (প্রথম থেকে পঞ্চম শ্রেণি) প্রতি শিক্ষাবর্ষে তিনটি প্রান্তিকে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি মূল্যায়ন করতে হবে। প্রতি প্রান্তিকে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে এ অগ্রগতি নিরূপণ করা হবে। পাঠ্য বিষয়সমূহের ক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মূল্যায়ন সম্পন্ন করা হবে। ধারাবাহিক মূল্যায়ন নিয়মিত শ্রেণি কার্যক্রম চলাকালীন এবং সামষ্টিক মূল্যায়ন প্রতি প্রান্তিকে একবার করতে হবে। সামষ্টিক মূল্যায়ন মাদ্রাসার ব্যবস্থাপনায় আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হবে। প্রতি প্রান্তিকে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের জন্য বিভিন্ন কার্যক্রমের ধরন নিচে দেখানো হয়েছে।




মূল্যায়ন কাঠামোর বিভিন্ন কার্যক্রমের বিবরণ নিচে তুলে ধরা হলো।

## ক.ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম

ধারাবাহিক মূল্যায়ন শিক্ষার্থীদের শিখন নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধারাবাহিক মূল্যায়নের জন্য শিক্ষক সহায়িকার মূল্যায়ন (ইবতেদায়ির জন্য শিক্ষক সহায়িকা প্রযোজ্য নয়) অংশে উল্লিখিত ক্ষেত্র-জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি এবং নির্দেশকসমূহকে বিবেচনায় নিতে হবে। শিক্ষার্থী কর্তৃক পাঠ্যপুস্তকের কাজ সম্পন্নকরণ, শ্রেণিকাজে শিক্ষার্থীদের সক্রিয়তা, শিক্ষার্থীদের ভাষা দক্ষতা/বিষয়বস্তুর বোধগম্যতা যাচাই এবং ক্লাস টেস্ট-এর মাধ্যমে প্রাথমিক স্তরে ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে শিক্ষার্থীদের শিখন নিশ্চিত করতে হবে। এজন্য শিক্ষকগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠুভবে পরিচালনার জন্য শিক্ষাবর্ষের শুরুতে প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে প্রতিষ্ঠানভিত্তিক বছরব্যাপী পরিকল্পনা তৈরি করা যেতে পারে। ধারাবাহিক মূল্যায়নকার্যক্রম সংক্রান্ত সাধারণ নির্দেশনা নিচে তুলে ধরা হলো।

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা

- শিক্ষাক্রমের শিখনফলের আলোকে পাঠ্যপুস্তকের বিভিন্ন পাঠে বিভিন্ন রকম কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে। শিক্ষার্থীরা এই কাজগুলো ধারাবাহিকভাবে সম্পন্ন করলে ধাপে ধাপে তাদের শিখনফল অর্জিত হবে। শিক্ষার্থীরা এসকল কাজ/অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে লিখবে/সম্পন্ন করবে। শিক্ষক বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে কাজ/অ্যাক্টিভিটি সম্পন্ন করতে দেবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ফলাবর্তনসহ (ফিডব্যাক) স্বাক্ষর করবেন।
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ/অ্যাক্টিভিটি থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক নিজ থেকে শিক্ষার্থীদের করতে দেবেন; যেমন- শোনা ও বলা, রোল-প্লে (ভূমিকাভিনয়), সরব পাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক, হাতে কলমে ব্যবহারিক কাজ ইত্যাদি। এসকল কাজ/অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে, এ ক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে উপযুক্ত ফলাবর্তন প্রদান করবেন।
- প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক/অ্যাক্টিভিটি নোট যাচাই করে শিক্ষক নম্বর প্রদান করবেন। উল্লেখ্য, পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করার জন্য নম্বর প্রদানের উদ্দেশ্য হলো শিক্ষার্থীকে এসকল কাজ সম্পন্ন করতে উৎসাহিত করার মাধ্যমে শিখনফল/যোগ্যতা অর্জনে সহায়তা করা।

- কোনো শিক্ষার্থী পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন না করলে পরবর্তী সময়ে তাকে দিয়ে কাজগুলো সম্পন্ন করাতে হবে। এক্ষেত্রে নিয়মিতভাবে কাজ সম্পন্নকারী শিক্ষার্থী এবং অনিয়মিত কাজ সম্পন্নকারী শিক্ষার্থীরপ্রাপ্ত নম্বরের পার্থক্যের বিষয়টি শিক্ষক যথাযথভাব শিক্ষার্থীকে অবহিত করবেন।

### ক. ২ শ্রেণিকাজে সক্রিয়তা

ইবতেদায়ি স্তরের শিক্ষার্থীদের 'শ্রেণিকাজে সক্রিয়তা' পর্যবেক্ষণ করা গুরুত্বপূর্ণ, কারণ শিক্ষার্থী সক্রিয় থাকলে তার শিখন অর্জন দ্রুততর হয় এবং সে দায়িত্বশীল হতে শেখে। শিক্ষক শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে সক্রিয়হতে উৎসাহিত করবেন। শিক্ষার্থীরা শ্রেণিতে কতটুকু সক্রিয়, তা মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন। শিক্ষার্থীর সক্রিয়তা যাচাইয়ের জন্য নিচের গুণাবলি/সূচকগুলো পর্যবেক্ষণ করতে হবে:

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/জোড়ায়/দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে;
- পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা যথাসময়ে সম্পন্ন করে;
- ভূমিকাভিনয় (রোল-প্লে)/প্রেজেন্টেশন/প্রজেক্টওয়ার্ক ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে।

শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ সামগ্রিকভাবে বিবেচনায় নিয়ে শিক্ষার্থীকে মূল্যায়ন করবেন এবং প্রতি প্রান্তিকে একবার নম্বর প্রদান করবেন। কোনো শিক্ষার্থী কম সক্রিয় থাকলে তার সাথে আন্তরিকভাবে কথা বলে নিষ্ক্রিয়তার কারণ বুঝে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

### ক. ৩ ভাষা দক্ষতা/বোধগম্যতা

অনেক সময় দেখা যায়, শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকের নির্দিষ্ট কিছু অংশ পড়েই পরীক্ষায় ভালো নম্বর পেয়ে থাকে, কিন্তু সামগ্রিকভাবে তাদের পাঠ্য বিষয়ের বোধগম্যতা ও ভাষাদক্ষতা কাঙ্ক্ষিত মাত্রায় অর্জন হয় না। একারণে সকল বিষয়ে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত বোধগম্যতা ও ভাষা দক্ষতা অর্জন নিশ্চিত করার জন্য তাদেরকে ধারাবাহিকভাবে মূল্যায়ন করতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর ক্ষেত্রে বিকল্প প্রকাশের মাধ্যমে মূল্যায়ন করতে হবে।

শিক্ষার্থীদেরকে বাংলা, আরবি ও ইংরেজি ভাষার ৪টি দক্ষতার (শোনা, বলা, পড়া ও লেখা) সবগুলোই অনুশীলন করাতে হবে। কুরআন মাজিদ, আকাইদ ফিকহ, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, এ সকল বিষয়ে শিক্ষার্থীদের বোধগম্যতা মূল্যায়ন করতে হবে। শিক্ষার্থীর ভাষা দক্ষতা এবং বোধগম্যতার উন্নয়ন/পর্যায় পর্যবেক্ষণ করে নোট নিতে হবে এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিতে হবে।

শিক্ষার্থীদের ভাষা দক্ষতা/বোধগম্যতা কীভাবে মূল্যায়ন করতে হবে তা বিষয়ভিত্তিক পরিশিষ্ট অংশে আলোচনা করা হয়েছে। শিক্ষক ভাষাদক্ষতা/বোধগম্যতার ধারণাকে বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদেরকে সামগ্রিকভাবে মূল্যায়ন করবেন এবং প্রতি প্রান্তিকে একবার নম্বর প্রদান করবেন।

### ক. ৪ ক্লাসটেস্ট

পাঠ্যপুস্তকের ক্ষেত্রে শিক্ষাক্রমে বর্ণিত যোগ্যতা ও শিখনফলের আলোকে শিক্ষক প্রতি প্রান্তিকে কমপক্ষে দুইটি ক্লাস টেস্ট নেবেন। লিখিত, মৌখিক, ব্যবহারিক কাজ অথবা প্রযোজ্য ক্ষেত্রে পারফরম্যান্সের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। প্রতি প্রান্তিকের ফলাফলে ক্লাসটেস্ট-এর গড় নম্বর বিবেচনা করতে হবে। শ্রেণি কার্যক্রম চলাকালে ক্লাস টেস্ট নিতে হবে এবং ফলাফল পর্যালোচনা করে শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম

প্রতি প্রান্তিক শেষে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে ৫০ নম্বরের এবং তৃতীয় থেকে পঞ্চম শ্রেণিতে ৭০ নম্বরের সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে লিখিত পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে। বার্ষিক পাঠপরিকল্পনা অনুসারে একটি প্রান্তিকে যতটি অধ্যায়/পাঠ সম্পন্ন হবে, তার ভিত্তিতে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ও রুটিন প্রণয়ন করে সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করতে হবে। প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত বিষয়ভিত্তিক সামষ্টিক মূল্যায়নের প্রশ্নকাঠামো ও নম্বর বণ্টন পরবর্তী অংশে আলোচনা করা হয়েছে।

### খ. লিখিত পরীক্ষা

সামষ্টিক মূল্যায়নে প্রথম ও দ্বিতীয় শ্রেণির বিষয়ভিত্তিক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্রে উত্তর প্রদানের ব্যবস্থা রাখতে

হবে। উত্তরপত্র মূল্যায়ন, তথ্য সংরক্ষণ ও শিক্ষার্থীদের প্রদর্শনপূর্বক শিক্ষক প্রমাণক হিসেবে তা সংরক্ষণ করবেন। তৃতীয় থেকে পঞ্চম শ্রেণিতে সামষ্টিক মূল্যায়নে লিখিত পরীক্ষা এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য রুটিনে পৃথক দিন উল্লেখ থাকবে। সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের জন্য প্রশ্নের সমন্বয় থাকতে হবে। বিভিন্ন বিষয়ের লিখিত ও মৌখিক/ব্যবহারিক পরীক্ষার প্রশ্নকাঠামো বিষয়ভিত্তিক অংশে অন্তর্ভুক্ত করাহয়েছে।

## ২. শ্রেণি ও বিষয়ভিত্তিক নম্বর বণ্টন

নিচে প্রাথমিক স্তরে শ্রেণিভিত্তিক ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের নম্বর বণ্টন তুলে ধরা হয়েছে:

### ২.১ শ্রেণিভিত্তিক নম্বরের শতকরা হার

| শ্রেণি | ধারাবাহিক মূল্যায়ন | | সামষ্টিক মূল্যায়ন | | মোট |
|---|---|---|---|---|---|
| | নম্বর | সময় | নম্বর | সময় | |
| প্রথম ও দ্বিতীয় | ৫০% | নিয়মিত শ্রেণি কার্যক্রম চলাকালীন | ৫০% | প্রতি প্রান্তিকে একবার | ১০০ |
| তৃতীয়, চতুর্থ ও পঞ্চম | ৩০% | | ৭০% | | ১০০ |

| শ্রেণি | বিষয়ের নাম | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | সামষ্টিক মূল্যায়নের সময় | ধারাবাহিক মূল্যায়নের সময় |
|---|---|---|---|---|---|---|
| প্রথম ও দ্বিতীয় | কুরআন মাজিদ ও তাজভিদ | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | নিয়মিত শ্রেণি কার্যক্রম চলাকালে শিক্ষকের সুবিধামতো |
| | আরবি/আরবি ১ম পত্র | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | |
| | আকাইদ ও ফিকহ | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | |
| | বাংলা | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | |
| | ইংরেজি | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | |
| | গণিত | ৫০ | ৫০ | ১০০ | ১:৩০ ঘণ্টা | |
| | সর্বমোট | | | ৬০০ | | |
| তৃতীয়, চতুর্থ ও পঞ্চম | কুরআন মাজিদ ও তাজভিদ | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | নিয়মিত শ্রেণি কার্যক্রম চলাকালে শিক্ষকের সুবিধামতো |
| | আরবি/ আরবি ১ম পত্র | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | আরবি ২য় পত্র (শুধু ৫ম শ্রেণি) | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | আকাইদ ও ফিকহ | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | বাংলা | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | ইংরেজি | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | গণিত | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | বিজ্ঞান | ৩০ | ৭০ | ১০০ | ২:৩০ ঘণ্টা | |
| | সর্বমোট | | | ৮০০ (৩য় ও ৪র্থ শ্রেণি) | | |

| | | |
|---|---|---|
| | | ৯০০ (৫ম শ্রেণি) |

## ২.২ বিষয়ভিত্তিক নম্বর বণ্টন

বিভিন্ন শ্রেণিতে বিষয়ভিত্তিক ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নে নম্বর এবং সময় বণ্টন নিচে তুলে ধরা হয়েছে।

## ২.৩ ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্র ও নম্বর বণ্টন

প্রতি প্রান্তিকে ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্র এবং শ্রেণি ও বিষয়ভিত্তিক নম্বর বণ্টন নিচের ছকে উপস্থাপন করা হয়েছে:

| শ্রেণি | বিষয় | ১ম প্রান্তিক/২য়প্রান্তিক/৩য় প্রান্তিক | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্র | | | | |
| | | ১.১ পাঠ্যপুস্তক/শিক্ষক সহায়িকার কাজ সম্পন্ন করা | ১.২ শ্রেণিকাজে সক্রিয়তা | ১.৩ ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা | ১.৪ ক্লাস টেস্ট | সর্বমোট |
| প্রথম ও দ্বিতীয় | কুরআন মাজিদ ও তাজভিদ | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | আরবি | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | আকাইদ ও ফিকহ | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | বাংলা | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | ইংরেজি | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | গণিত | ২০ | ৫ | ৫ | ২০ | ৫০ |
| | | | | | | |
| তৃতীয়, চতুর্থ ও পঞ্চম | কুরআন মাজিদ ও তাজভিদ | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | আরবি/ আরবি ১ম পত্র | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | আরবি ২য় পত্র (শুধু ৫ম শ্রেণির জন্য) | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | আকাইদ ও ফিকহ | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | বাংলা | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | ইংরেজি | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | গণিত | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |
| | বিজ্ঞান | ১০ | ৫ | ৫ | ১০ | ৩০ |

## ৩.পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণের শর্তাবলি

পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হতে হলে শিক্ষার্থীকে নিম্নবর্ণিত শর্তপূরণ করতে হবে:

- শিক্ষার্থীকে প্রতি প্রান্তিকে মোট কার্যদিবসের ন্যুনতম ৮৫% শ্রেণিতে উপস্থিত থাকতে হবে;
- শিক্ষার্থীর বিষয়ভিত্তিক পাশ নম্বর ৪০%। তবে, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে পাশ নম্বর ৩৩%;
- পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হতে হলে একজন শিক্ষার্থীকে তিন প্রান্তিকে মোট নম্বরের গড় ৪০% নম্বর পেতে হবে;
- প্রতি প্রান্তিকের সামষ্টিক পরীক্ষায় শিক্ষার্থীকে উপস্থিত থাকতে হবে। তবে অসুস্থতাজনিত/অনিবার্য কারণে কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে শিক্ষার্থীর আবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্রাসার কর্তৃপক্ষ পরবর্তী ১০ কর্ম দিবসের মধ্যে নতুন প্রশ্নপত্রে বিকল্প পরীক্ষা গ্রহণ করবেন।

## ৪. ফলাফল ও শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরি

ফলাফল ও শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরিতে নিম্নবর্ণিত কাজ করতে হবে:

৪.১ মূল্যায়নের তথ্য সংরক্ষণ;

৪.২ শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরি;

উপর্যুক্ত কাজ দুইটি নিচে ধাপে ধাপে বর্ণিত হলো।

### ৪.১ মূল্যায়নের তথ্য সংরক্ষণ ছক

মূল্যায়নের তথ্য সংরক্ষণের ক্ষেত্রে ১০০ নম্বরের জন্য ছক 'ক', নমুনা হিসেবে প্রদান করা হলো। শিক্ষক নমুনা ছকের আলোকে শ্রেণিভিত্তিক/বিষয়ভিত্তিক রেজিস্টার তৈরি করে মূল্যায়নের তথ্য সংরক্ষণ করবেন।

# মূল্যায়নের তথ্য সংরক্ষণ ছক ‘ক’: পূর্ণমান ১০০

**শ্রেণি: প্রথম/দ্বিতীয়** **বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ/আরবি/আকাইদ ও ফিকহ/বাংলা/ইংরেজি/গণিত**

| নাম ও রোল | ১ম প্রান্তিক | | | | | | | ২য় প্রান্তিক | | | | | | | ৩য় প্রান্তিক | | | | | | | চূড়ান্ত ফলাফল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধারাবাহিক মূল্যায়ন (৫০) | | | | | সামষ্টিক (৫০) | | ধারাবাহিক মূল্যায়ন (৫০) | | | | | সামষ্টিক (৫০) | | ধারাবাহিক মূল্যায়ন (৫০) | | | | | সামষ্টিক (৫০) | | | | |
| | পাঠ্য পুস্তকের কাজ ( ২০ ) | শ্রেণি কাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (২০) | মোট (৫০) | লিখিত ( ৫০ ) | প্রান্তিক সর্বমোট (১০০) | পাঠ্য পুস্তকের কাজ ( ২০ ) | শ্রেণি কাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (২০) | মোট (৫০) | লিখিত ( ৫০ ) | প্রান্তিক সর্বমোট (১০০) | পাঠ্য পুস্তকের কাজ ( ২০ ) | শ্রেণি কাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (২০) | মোট (৫০) | লিখিত (৫০) | প্রান্তিক সর্বমোট (১০০) | তিন প্রান্তিকের গড় | গ্রেড | মন্তব্য |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

বিষয় শিক্ষকের স্বাক্ষর: মাদ্রাসা প্রধানের স্বাক্ষর:

# মূল্যায়নের তথ্য সংরক্ষণ ছক ‘ক’: পূর্ণমান ১০০

## শ্রেণি: তৃতীয়/চতুর্থ/পঞ্চমবিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ/আরবি (১ম পত্র)/আরবি (২য় পত্র)/আকাইদ ও ফিকহ/বাংলা/ইংরেজি/গণিত/বিজ্ঞান/ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

| নাম ও রোল | ১ম প্রান্তিক | | | | | | | ২য় প্রান্তিক | | | | | | | ৩য় প্রান্তিক | | | | | | | চূড়ান্ত ফলাফল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধারাবাহিক মূল্যায়ন (৩০) | | | | | সামষ্টিক (৭০) | | ধারাবাহিক মূল্যায়ন (৩০) | | | | | সামষ্টিক (৭০) | | ধারাবাহিক মূল্যায়ন (৩০) | | | | | সামষ্টিক (৭০) | | | | |
| | পাঠ্য পুস্তকের কাজ ( ১০ ) | শ্রেণিকাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (১০ ) | মোট ( ৩০ ) | লিখিত (৭০ ) | প্রান্তিক সর্বমোট (১০০) | পাঠ্য পুস্তকের কাজ ( ১০ ) | শ্রেণিকাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (১০ ) | মোট ( ৩০ ) | লিখিত (৭০ ) | প্রান্তিক সর্বমোট (১০০) | পাঠ্য পুস্তকের কাজ ( ১০ ) | শ্রেণিকাজে সক্রিয়তা ( ৫ ) | ভাষাদক্ষতা/ বিষয়বস্তুর বোধগম্যতা ( ৫ ) | ক্লাস টেস্ট (১০ ) | মোট ( ৩০ ) | লিখিত (৭০ ) | প্রান্তিক সর্বমোট (১০০) | তিন প্রান্তিকের গড় | গ্রেড | মন্তব্য |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

বিষয় শিক্ষকের স্বাক্ষর:

মাদ্রাসা প্রধানের স্বাক্ষর:





## ৪.২ শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরি

| প্রাপ্ত নম্বর | গ্রেড | শিখন অর্জন |
|---|---|---|
| ৮০% - ১০০% | A | অতিউত্তম |
| ৬০%-৭৯% | B | উত্তম |
| ৪০%-৫৯% | C | সন্তোষজনক |
| ০%- ৩৯% | D | সহায়তা প্রয়োজন |

- প্রতি প্রান্তিকে প্রতি বিষয়ে একজন শিক্ষার্থীর ধারাবাহিক এবং সামষ্টিক মূল্যায়নে প্রাপ্ত নম্বরের সমষ্টি করে মোট নম্বর হিসাব করতে হবে এবং শিখন অগ্রগতি প্রতিবেদন প্রদান করতে হবে।
- ৩য় প্রান্তিক শেষে তিন প্রান্তিকের বিষয়ভিত্তিক গড় নম্বর এবং পাশের ছক অনুযায়ী গ্রেড প্রদান করতে হবে।
- শিক্ষার্থীর চূড়ান্ত ফলাফল প্রস্তুতের জন্য তিন প্রান্তিকের প্রাপ্ত মোট নম্বরের সমষ্টিকে সর্বমোট নম্বর সাপেক্ষে শতকরায় রূপান্তর করে পাশের ছক অনুযায়ী সমন্বিত গ্রেড প্রদান করতে হবে।

  উদাহরণস্বরূপ, তৃতীয় শ্রেণিতে প্রতি প্রান্তিকে সর্বমোট ৮০০ নম্বরের মূল্যায়ন হবে। ধরা যাক, তৃতীয় শ্রেণির একজন শিক্ষার্থী ১ম প্রান্তিকে মোট ৬৫০, ২য় প্রান্তিকে মোট ৫৬০ এবং ৩য় প্রান্তিকে মোট ৬৭০ নম্বর পেয়েছে।

  তিন প্রান্তিকে শিক্ষার্থীর প্রাপ্ত মোট নম্বরের গড়, $(৬৫০ + ৫৬০ + ৬৭০) \div ৩ = ৬৬০$

  শতকরা গড় নম্বর, $\frac{\text{প্রাপ্ত মোট নম্বরের গড়}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০ = \frac{৬৬০}{৮০০} \times ১০০ = ৮২.৫$, অর্থাৎ ৮২.৫%

  সুতরাং, তার সমন্বিত গ্রেড A (অতি উত্তম)
- অগ্রগতি প্রতিবেদনে প্রতি প্রান্তিকে মোট কার্যদিবস এবং শিক্ষার্থীর উপস্থিতি উল্লেখ করতে হবে।
- ব্যক্তিগত ও সামাজিক গুণাবলি অংশে শিক্ষার্থীদের 'সক্রিয়তা', 'শৃঙ্খলা' ও 'আচরণ' পর্যবেক্ষণ করে শিক্ষক তাদের অবস্থান 'ক', 'খ' বা 'গ' উল্লেখ করবেন। শিক্ষার্থীদের 'সক্রিয়তা', 'শৃঙ্খলা' ও 'আচরণ' উন্নয়নের জন্য শিক্ষক প্রতিনিয়ত উৎসাহ ও পরামর্শ প্রদান করবেন।
- প্রতি প্রান্তিকে শিক্ষার্থীর শিখন অগ্রগতি প্রতিবেদন/রিপোর্ট কার্ড অভিভাবককে অবহিত করে স্বাক্ষর নিয়ে শ্রেণি শিক্ষককে সংরক্ষণ করতে হবে। অভিভাবক সমাবেশে শিক্ষার্থীর শিখন অগ্রগতি সম্পর্কে আলোচনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানকরতে হবে। শ্রেণিশিক্ষক ৩য় প্রান্তিকে শিক্ষার্থীর শিখন অগ্রগতি প্রতিবেদনের একটি কপি অভিভাবককে হস্তান্তর করবেন।

শিখন অগ্রগতি প্রতিবেদনের দুটি নমুনা (প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য নমুনা-'ক' এবং তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির জন্য নমুনা- 'খ' সংযুক্ত করা হয়েছে।

# নমুনা 'ক'

| প্রান্তিক | শ্রেণি শিক্ষকের সার্বিক মতামত | শ্রেণি শিক্ষকের স্বাক্ষর | মাদ্রাসা প্রধানের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ম প্রান্তিক | | | | |
| ২য় প্রান্তিক | | | | |
| ৩য় প্রান্তিক | | | | |

| প্রাপ্ত নম্বর | গ্রেড | শিখন অর্জন |
|---|---|---|
| ৮০%-১০০% | A | অতি উত্তম |
| ৬০%-৭৯% | B | উত্তম |
| ৪০%-৫৯% | C | সন্তোষজনক |
| ০%-৩৯% | D | সহায়তা প্রয়োজন |

শ্রেণি শিক্ষকের নাম :................................................ মোবাইল নম্বর: ..................................................

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## শিখন অগ্রগতি প্রতিবেদন

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ঢাকা

.................................................. মাদ্রাসা

শিক্ষার্থীর নাম : ..............................................................................................

শ্রেণি : ইবতেদায়ি প্রথম/দ্বিতীয় রোল/আইডি ....................................

গ্রাম : .............................................................. ডাকঘর :.......................................

উপজেলা/থানা : ................................................ জেলা :.........................................

অভিভাবকের নাম :............................................ মোবাইল নম্বর : ................................

| বিষয় (পূর্ণমান) | ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | | চূড়ান্ত ফলাফল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | প্রান্তিকের গড় নম্বর | বিষয় গ্রেড | সমন্বিত গ্রেড |
| কুরআন মাজিদ ও তাজভিদ (১০০) | | | | | | | | | | | | |
| আরবি (১০০) | | | | | | | | | | | | |
| আকাইদ ও ফিকহ (১০০) | | | | | | | | | | | | |
| বাংলা (১০০) | | | | | | | | | | | | |
| ইংরেজি (১০০) | | | | | | | | | | | | |
| গণিত (১০০) | | | | | | | | | | | | |
| সর্বমোট নম্বর : | ১ম প্রান্তিকে মোট | | | ২য় প্রান্তিকে মোট | | | ৩য় প্রান্তিকে মোট | | | | | |

| ব্যক্তিগত ও সামাজিক গুণাবলি | অবস্থান | উত্তম | সন্তোষজনক | উন্নতি প্রয়োজন |
|---|---|---|---|---|
| | | ক | খ | গ |

| গুণাবলি | বর্ণনা | ১ম প্রান্তিক | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক |
|---|---|---|---|---|
| সক্রিয়তা | শিক্ষকের নির্দেশনামতো পাঠ্যপুস্তকের কাজ/ওয়ার্কশিট সম্পন্ন করা; বাড়ির কাজ সময়মতো সম্পন্ন করা; জোড়ায়/দলগত কাজে কার্যকরভাবে অংশগ্রহণ করা; প্রশ্নোত্তরে অংশ নেওয়া ইত্যাদি | | | |
| শৃঙ্খলা | বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত থাকা; বিদ্যালয়ের সকল নিয়ম-শৃঙ্খলা মেনে চলা; পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা ইত্যাদি | | | |
| আচরণ | শিক্ষক/বড়োদের সম্মান করা; ছোটদের স্নেহ করা; অন্যের প্রতি সমানুভূতিশীল হওয়া; সহযোগিতা করা; ভুল হলে স্বীকার করা; অন্যকে কষ্ট না দেওয়া; মিলেমিশে থাকা ইত্যাদি | | | |

| উপস্থিতি | | | |
|---|---|---|---|
| | ১ম প্রান্তিক | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক |
| মোট কার্যদিবস | | | |
| শিক্ষার্থীর উপস্থিতি | | | |

# নমুনা 'খ'

| প্রান্তিক | শ্রেণি শিক্ষকের সার্বিক মতামত | শ্রেণি শিক্ষকের স্বাক্ষর | মাদ্রাসা প্রধানের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ম প্রান্তিক | | | | |
| ২য় প্রান্তিক | | | | |
| ৩য় প্রান্তিক | | | | |

| প্রাপ্ত নম্বর | গ্রেড | শিখন অর্জন |
|---|---|---|
| ৮০%-১০০% | A | অতি উত্তম |
| ৬০%-৭৯% | B | উত্তম |
| ৪০%-৫৯% | C | সন্তোষজনক |
| ০%-৩৯% | D | সহায়তা প্রয়োজন |

শ্রেণি শিক্ষকের নাম :.................................................মোবাইল নম্বর: ...............................................

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## শিখন অগ্রগতি প্রতিবেদন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা

............................................... মাদ্রাসা

শিক্ষার্থীর নাম : .........................................................................................

শ্রেণি : ইবতেদায়ি তৃতীয়/চতুর্থ/পঞ্চম রোল/আইডি .................................

গ্রাম : ........................................................ ডাকঘর :..........................................

উপজেলা/থানা : ........................................ জেলা :..........................................

অভিভাবকের নাম :..................................... মোবাইল নম্বর : ....................................

| | ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | | চূড়ান্ত ফলাফল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিষয় (পূর্ণমান) | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | ধারাবাহিক নম্বর | সামষ্টিক নম্বর | মোট নম্বর | প্রান্তিকের গড় নম্বর | বিষয় গ্রেড | সমন্বিত গ্রেড |
| কুরআন মাজিদ ও তাজভিদ (১০০) | | | | | | | | | | | | |
| আরবি-১ম পত্র (১০০) | | | | | | | | | | | | |
| আরবি-২য় পত্র (১০০) | | | | | | | | | | | | |
| আকাইদ ও ফিকহ (১০০) | | | | | | | | | | | | |
| বাংলা (১০০) | | | | | | | | | | | | |
| ইংরেজি (১০০) | | | | | | | | | | | | |
| গণিত (১০০) | | | | | | | | | | | | |
| বিজ্ঞান (১০০) | | | | | | | | | | | | |
| বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১০০) | | | | | | | | | | | | |
| সর্বমোট নম্বর | ১ম প্রান্তিকে মোট | | | ২য় প্রান্তিকে মোট | | | ৩য় প্রান্তিকে মোট | | | | | |

| ব্যক্তিগত ও সামাজিক গুণাবলি | অবস্থান | উত্তম | সন্তোষজনক | উন্নতি প্রয়োজন |
|---|---|---|---|---|
| | | ক | খ | গ |

| গুণাবলি | বর্ণনা | ১ম প্রান্তিক | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক |
|---|---|---|---|---|
| সক্রিয়তা | শিক্ষকের নির্দেশনামতো পাঠ্যপুস্তকের কাজ/ওয়ার্কশিট সম্পন্ন করা; বাড়ির কাজ সময়মতো সম্পন্ন করা; জোড়ায়/দলগত কাজে কার্যকরভাবে অংশগ্রহণ করা; প্রশ্নোত্তরে অংশ নেওয়া ইত্যাদি | | | |
| শৃঙ্খলা | বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত থাকা; বিদ্যালয়ের সকল নিয়ম-শৃঙ্খলা মেনে চলা; পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা ইত্যাদি | | | |
| আচরণ | শিক্ষক/বড়োদের সম্মান করা; ছোটদের স্নেহ করা; অন্যের প্রতি সমানুভূতিশীল হওয়া; সহযোগিতা করা; ভুল হলে স্বীকার করা; অন্যকে কষ্ট না দেওয়া; মিলেমিশে থাকা ইত্যাদি | | | |

| উপস্থিতি | | | |
|---|---|---|---|
| | ১ম প্রান্তিক | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক |
| মোট কার্যদিবস | | | |
| শিক্ষার্থীর উপস্থিতি | | | |

## ৫. ফলাবর্তন প্রদান

- শিক্ষক ধারাবাহিক মূল্যায়ন চলাকালে শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফলাবর্তন (ফিডব্যাক) প্রদান করবেন। মনে রাখতে হবে, ধারাবাহিক মূল্যায়ন করা হবে শিক্ষাক্রমে বর্ণিত যোগ্যতা ও শিখনফল অর্জন নিশ্চিত করার জন্য;
- ধারাবাহিক মূল্যায়নের পর অপারগ শিক্ষার্থীদের জন্য বিষয়ভিত্তিক নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের মূল্যায়ন পত্র (খাতা) শিক্ষার্থী ও অভিভাবককে দেখাবেন এবং উন্নয়নের জন্য ফলাবর্তন প্রদান করবেন;
- বিষয়ভেদে শিক্ষক মূল্যায়নের প্রমাণক হিসেবে শিক্ষার্থীর পাঠ্যপুস্তক, খাতা, অ্যাক্টিভিটি শিট, তৈরিকৃত বস্তু/ক্রাফ্ট ইত্যাদি সংরক্ষণ করবেন।

## ৬. অন্যান্য

- শিক্ষক শিক্ষাক্রমে উল্লিখিত যোগ্যতা এবং শিক্ষক সহায়িকার সংশ্লিষ্ট বিষয়বস্তু মনোযোগ সহকারে পড়বেন;
- অনুপস্থিত শিক্ষার্থীর জন্য শিখন অর্জনের ব্যবস্থাসহ বর্ণিত সময়ে মূল্যায়ন সম্পন্ন করে রেকর্ড সংরক্ষণ করতে হবে;
- শিক্ষক বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে পরামর্শ করে ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে তাদের মূল্যায়নের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে।

# অংশ-ক

## প্রথম ও দ্বিতীয় শ্রেণি

## বিষয়ভিত্তিক বিশেষ নির্দেশনা

**বিষয়:**

১. কুরআন মাজিদ ও তাজভিদ
২. আরবি
৩. আকাইদ ও ফিকহ
৪. বাংলা
৫. ইংরেজি
৬. গণিত

## বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ
## শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে কুরআন ও তাজভিদ বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

### ক. ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

**ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদের কাজ করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক নিজে থেকে শিক্ষার্থীদের করতে দেবেন; যেমন- শোনা ও বলা, মাশক (বারবার অনুশীলন করে পড়া বা লিখার দক্ষতা অর্জন করা), সরব পাঠ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি কাজ। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে করতে দিতে পারেন। পরে সেগুলো যাচাই করে স্বাক্ষর প্রদান করবেন;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর পাঠ্যপুস্তক সংগ্রহ করে ও যাচাই করে নম্বর প্রদান করবেন।

**ক.২ শ্রেণি কাজে সক্রিয়তা (৫ নম্বর)**

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে এবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/জোড়ায়/দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সম্পন্ন করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/মাশক/অডিও ভিডিও ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর সক্রিয়তার মাত্রা সামগ্রিকভাবে বিবেচনা করে নম্বর প্রদান করবেন।

**ক. ৩ বিশুদ্ধ উচ্চারণ দক্ষতা (৫ নম্বর)**

- শিক্ষক প্রত্যেক পিরিয়ডে শিক্ষার্থীর বিশুদ্ধ উচ্চারণ (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালে বিভিন্ন কাজে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়ন লক্ষ করবেন। শিক্ষার্থীর বিশুদ্ধ উচ্চারণ দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর ক্ষেত্রে বিকল্প প্রকাশের মাধ্যমে মূল্যায়ন করতে হবে;
- ধারাবাহিক মূল্যায়নের সময় বিশেষ করে 'উচ্চারণ' দক্ষতার ওপর শিক্ষক গুরুত্ব দেবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের আয়াত/সূরা, শব্দ, পড়তে দেবেন। তিলাওয়াতের বিশুদ্ধতার জন্য সমমানের পাঠ পড়তে দিয়ে এবং সংশ্লিষ্ট প্রশ্ন করে উত্তর বলতে/লিখতে বলবেন;
- প্রত্যেক প্রান্তিকের শেষদিকে শিক্ষার্থীদের বিশুদ্ধ তিলাওয়াতের জন্য শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন।

**ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)**

- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নেবেন। লিখিত ও মৌখিক কাজের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে;
- শোনা, বলা ও পড়া দক্ষতার মূল্যায়নের জন্য পাঠ্যপুস্তকের কাজসমূহ বিবেচনায় নেবেন;
- শ্রেণি পাঠদানের সময়েই ক্লাস টেস্ট নেবেন। বার্ষিক পাঠ পরিকল্পনায় প্রদত্ত 'পুনরালোচনামূলক পাঠ' এর স্থলেও ক্লাস-টেস্ট নিতে পারেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে দুই বা ততোধিক ক্লাস টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।
- প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে কাস টেস্টের প্রশ্নের ধরন নিম্নরূপ হতে পারে:

| ক্রমিক নং | প্রশ্নের ধরন/আইটেম | প্রশ্ন সংখ্যা | নম্বর বিভাজন |
|---|---|---|---|
| ১ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (মৌখিক প্রশ্নের মাধ্যমে) | ৫টি | ৫×১=৫ |
| ২ | শূন্যস্থান পূরণ/মিলকরণ/সঠিক উত্তরে টিক চিহ্ন দাও। | ৫টি | ৫×১=৫ |
| ৩ | দেখে দেখে পাঠ করে তাজভিদের দক্ষতা যাচাই | ১টি | ৫×১=৫ |
| ৪ | নাজিরা বানান করে পড়া | ১টি | ৫×১=৫ |
| সর্বমোট নম্বর | | | ২০ |

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৫০ নম্বর)

- প্রতি শিক্ষাবর্ষকে ৩টি প্রান্তিকে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক প্রান্তিকে ৫০ নম্বরের মধ্যে সামষ্টিক মূল্যায়ন নির্দিষ্ট সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হবে;
- প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে প্রশ্নপত্রেই উত্তর দেওয়ার ব্যবস্থা করতে হবে;
- বার্ষিক পাঠপরিকল্পনা এবং পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর আলোকে মূল্যায়ন পদগুলো নির্বাচন করতে হবে।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**প্রথম শ্রেণি**

লিখিত- ৫০ নম্বর

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | **নম্বর বণ্টন** |
| ১. ধারাবাহিকভাবে আরবি ২৯টি হরফ লেখা | ১×৫=৫ | ১. হরকতের পরিচয় | ১×৫=৫ | ১. তানভীনের পরিচয় | ২×৫=১০ |
| ২. ধারাবাহিকভাবে নুকতাযুক্ত / নুকতাবিহিন আরবি হরফ | ১×৫=৫ | ২.যবর দিয়ে ২৯ হরফ লেখা | ২×৫=১০ | ২. সুকুনের পরিচয় | ২×৫=১০ |
| ৩. সম আকৃতির হরফগুলো | ২×৫=১০ | ৩. যের দিয়ে ২৯ হরফ | ২×৫=১০ | ৩. যবরযুক্ত হরফের পর ওয়াও (و) ও ইয়া (ي)-এর ব্যবহার | ২×৫=১০ |
| ৪. শব্দের শুরু,মাঝ ও শেষ রূপ (আলিফ (ا) থেকে সীন (س) পর্যন্ত | ২×৫=১০ | ৪. পেশ দিয়ে ২৯ হরফ | ২×৫=১০ | ৪. তাশদিদের পরিচয় | ১×৫=৫ |
| ৫. শব্দের শুরু,মাঝ ও শেষ রূপ শীন (ش) থেকে ইয়া (ي) পর্যন্ত | ২×৫=১০ | ৫. পেশ দিয়ে দুই হরফের উচ্চারণ | ২×৫=১০ | ৫. কুরআন মাজিদের বিভিন্ন শব্দ লেখা, মূল বই ৩৯ পৃষ্ঠার শেষ ৫ লাইন | ২×৫=১০ |
| ৬. হরফসমুহের ডান ও বামের মিলিত রূপ । | ২×৫=১০ | ৬. কুরআন মাজিদের বিভিন্ন শব্দ (মূল বই ৩৯ পৃষ্ঠার প্রথম ৫ লাইন) | ১×৫=৫ | ৬. ৫ টি মাখরাজ | ১×৫=৫ |

**দ্বিতীয় শ্রেণি**

**লিখিত- ৫০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| **প্রশ্নের আইটেম** | **নম্বর বণ্টন** | **প্রশ্নের আইটেম** | **নম্বর বণ্টন** | **প্রশ্নের আইটেম** | **নম্বর বণ্টন** |
| ১. হরফের আসলরূপ ও মিলিতরূপ লেখা | ১×৫=৫ | ১. যবর,যের ও পেশ দিয়ে তিন অক্ষর বিশিষ্ট শব্দ গঠন করা | ১×৫=৫ | ১. হুরুফে শামসিয়্যাহ ও হুরুফে কামারিয়্যাহ -এর পরিচয় | ২×৫=১০ |
| ২. শব্দ হতে হর সফনাক্ত করণ | ১×৫=৫ | ২. হরকতের পরিচয় উদাহরণসহ লেখা | ২×৫=১০ | ২. ওয়াজিব গুন্নাহের পরিচয় | ১০ |
| ৩. শব্দ হতে মাদ্দের অক্ষর বের করা | ২×৫=১০ | ৩. তানভীন ও সুকুনের পরিচয় উদাহরণসহ লেখা | ২×৫=১০ | ৩. হরকতসহ সূরা ফালাক/ সূরা নাস লেখা | ২×৫=১০ |
| ৪. মুখস্থ সূরা লিখন (সূরা ফাতিহা/সূরা নাসর) | ১×১০=১০ | ৪. হরকতসহ সূরা লাহাব/সূরা ইখলাস লেখা | ২×৫=১০ | ৪. হরকত ছাড়া সূরা ফালাক/ সূরা নাস লেখা | ১×৫=৫ |
| ৫. মাখরাজ এর পরিচয় | ২×৫=১০ | ৫. হরকত ছাড়া সূরা লাহাব/সূরা ইখলাস লেখা | ২×৫=১০ | ৫. নুন সাকিন ও তানভিনের পরিচয় | ১০ |
| ৬. ৫টি মাখরাজ | ২×৫=১০ | ৬. মাদ্দের পরিচয় লেখা | ১×৫=৫ | ৬. শব্দের চিহ্নিত অংশের তাজভিদের বিধান লেখা | ১×৫=৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**





# বিষয়: আরবি

## শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে আরবি (الدروس العربية) বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো;

## ক.ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

### ক.১ পাঠ্য পুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করতে/লিখতে দেবেন। যেমন- মিলকরণ, শূন্যস্থান পূরণ, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদি অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে করবে। শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/ প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবে না;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে (ওয়ার্কশিট) করতে দিতে পারেন, পরে সেগুলো যাচাই পূর্বক স্বাক্ষর প্রদান করে মূল্যায়ন নম্বর প্রদান করবেন;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্য পুস্তকে করা সম্ভব নয়, সেগুলো (সংযুক্ত অ্যাক্টিভিটি তালিকা) শিক্ষক নিজে থেকে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, রোল-প্লে, সরবপাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এ ক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে নম্বর প্রদানক রবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- বিষয়বস্তুর বোধগম্যতার জন্য শিখন-শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থী সাবলীলভাবে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষার্থী পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ সঠিকভাবে শুরু ও সম্পন্ন করে;
- শ্রেণিকক্ষে একক/জোড়ায়/দলগত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/প্রজেক্টওয়ার্ক করতে আগ্রহী হয়;

শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

### ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক যথা নিয়মে শিখনযোগ্যতা/শিখনফল সংশ্লিষ্ট ভাষা দক্ষতা মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষা দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন এবং মূল্যায়ন নম্বর দেবেন;
- সকল শিক্ষার্থীর শিখনকার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'পড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন এবং 'বুঝে পড়া' যাচাইয়ের জন্য অনুচ্ছেদ সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

### ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষক নিম্নবর্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করবে;

**الاستماع (Listening)**

- শিক্ষক আদেশ ও নির্দেশনাভিত্তিক পাঠ এবং ধ্বনি ও শ্রবণদক্ষতাকেন্দ্রিক পাঠ ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি টেক্সট/ছড়া /কবিতা শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**الكلام (Speaking)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে আরবিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন;

**القراءة (Reading)**

- পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থী তা সঠিক উচ্চারণে পড়তে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের نص (মূলপাঠ) পড়তে দিয়ে তার উপরে মৌখিক প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন এবং পঠন বোধগম্যতা যাচাই করবেন।

**الكتابة (Writing)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করে বোর্ডে লিখবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- একইভাবে শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করবেন। প্রয়োজনে একাধিকবার বলবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নিবেন। মৌখিক এর পাশাপাশি লিখিত কাজের সমন্বয়ে টেস্ট নেয়া যেতে পারে;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নিজ নিজ বই দেখে খাতায় লিখতে দিতে পারেন। পরে তিনি প্রয়োজনীয় সংশোধনী দিয়ে দিবেন।

- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে মোট ২০ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)





**খ.১ লিখিত পরীক্ষা (৫০ নম্বর)**

- লিখিত পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্রেই উত্তর প্রদানের ব্যবস্থা রাখতে হবে।
- শিক্ষক প্রতি প্রান্তিকের শিখন যোগ্যতা ও বিষয়বস্তু বিবেচনায় নিয়ে সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র তৈরি করবেন।

## খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো, মান ৫০

**প্রথম শ্রেণি**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নেরধরন | মা | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | ২৯টি আরবি হারফ লেখা | ১০ | ১ | প্রতিটি হারফে সুকূন দিয়ে লেখা: ৫টি | ৫ | ১ | হারফ দিয়ে শব্দ লেখা: ৫টি | ৫ |
| ২ | এলোমেলো হারফ সাজিয়ে লেখা | ৫ | ২ | প্রতিটি হারফে তাশদিদ দিয়ে লেখা: ৫টি | ৫ | ২ | এলোমেলো হারফ সাজিয়ে শব্দ তৈরি | ৫ |
| ৩ | পরের হারফটি লেখা | ৫ | ৩ | আরবি হারফ যুক্ত করে শব্দ তৈরি করা: ৫টি | ১০ | ৩ | শব্দার্থ: ৫টি | ৫ |
| ৪ | প্রতিটি হারফে ৩টি হারাকাত(যের/ যবর/ পেশ) দিয়ে লেখা: ১০টি | ১০ | ৪ | খালি ঘরে হারফ বসিয়ে শব্দ তৈরি: ৫টি | ৭ | ৪ | আরবিসংখ্যা (العدد العربي) | ৫ |
| ৫ | প্রতিটি হারফে ৩টি তানভিন (দুইযের/ দুইযবর/ দুই পেশ) দিয়ে লেখা: ১০ টি | ১০ | ৫ | হারফ দিয়ে শব্দ লেখা: ৫টি | ১০ | ৫ | সাতদিনের নাম | ১০ |
| ৬ | প্রতিটি হারফে সুকূন দিয়ে লেখা: ৫টি | ৫ | ৬ | ছবির সাথে শব্দ মিলানো | ৮ | ৬ | প্রশ্নোত্তরলেখা | ১০ |
| ৭ | প্রতিটি হারফে তাশদিদ দিয়ে লেখা: ৫টি | ৫ | ৭ | দেখে দেখে আরবি লেখা | ৫ | ৭ | আরবিতে নিজের পরিচয় লেখা | ১০ |

**দ্বিতীয় শ্রেণি**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | ২৯টি আরবি হারফ লেখা | ৩ | ১ | শব্দার্থ লেখা: ৫টি | ৫ | ১ | শব্দার্থ লেখা: ৫টি | ৫ |
| ২ | হারফে ৩টি হারাকাত (যের/ যবর/ পেশ)দিয়ে লেখা: ১০টি | ৩ | ২ | ইসম ইশারা (ذلك) ব্যবহার করে আরবি বাক্য লেখা/প্রশ্নের উত্তর লেখা | ৫ | ২ | শব্দ দিয়ে ছোট ছোট বাক্য লেখা: ৫টি | ৫ |
| ৩ | হারফে ৩টি তানভীন (দুইযের/ দুইযবর/ দুই পেশ) দিয়ে লেখা: ১০ টি | ৩ | ৩ | ফুল/ফল/রঙেরনাম লেখা: ৫টি | ৫ | ৩ | হারফ যার ( في، على، مِنْ وإلى) ব্যবহার করে বাক্য লেখা | ৫ |
| ৪ | প্রতিটি হারফে সুকূন/ তাশদিদ দিয়ে লেখা: ৬টি | ৩ | ৪ | আরবিতে সপ্তাহের ৭ দিনের নাম লেখা | ৫ | ৪ | ইসম ইশারা (ذلك) ব্যবহার করে আরবি বাক্য লেখা/ প্রশ্নের উত্তর লেখা | ৫ |
| ৫ | ছবি দেখে আরবি শব্দ লেখা: ৫টি শব্দ | ৫ | ৫ | আরবি কবিতা লেখা: ৫ লাইন | ৫ | ৫ | হিজরি ১২ মাসের নাম | ৫ |
| ৬ | হারফ মিলিয়ে শব্দ গঠন করা: ৫টি | ৫ | ৬ | হারফ দিয়ে শব্দ লেখা: ৫টি | ৫ | ৬ | প্রাণী/মাছ/নদীর নাম লেখা: ৫টি | ৫ |
| ৭ | আরবিতে নিজের পরিচয় লেখা: ৪ বাক্যে | ৮ | ৭ | ছবির সাথে শব্দ মিলানো | ৫ | ৭ | প্রশ্নোত্তর লেখা | ৫ |
| ৮ | আরবি কবিতা লেখা: ৪ লাইন | ৮ | ৮ | হারফ শামসী/ ক্বামারী লেখা | ৫ | ৮ | আরবিতে নিজের পরিচয় লেখা | ৫ |
| ৯ | আরবিতে সংখ্যা লেখা: ১ - ১৫ | ৫ | ৯ | আরবিতে সংখ্যা লেখা: ১৬ - ৩০ | ৫ | ৯ | আরবি অনুচ্ছেদের বাংলা অনুবাদ | ৫ |
| ১০ | ইসম ইশারা (هذا) ব্যবহার করে আরবি বাক্য লেখা/প্রশ্নের উত্তর লেখা | ৭ | ১০ | শূন্যস্থান পূরণ | ৫ | ১০ | শূন্যস্থান পূরণ | ৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়: আকাইদ ও ফিকহ
# শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে ‘সাধারণ নির্দেশনাবলী’ অংশে বর্ণিত নির্দেশনার সাথে আকাইদ ও ফিকহ বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

**ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)**

- পাঠ্যপুস্তকের নির্ধারিত অনুশীলনী থেকে শিক্ষার্থীদের কাজ করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, ভূমিকাভিনয়, সরব পাঠ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি কাজ। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে করতে দিতে পারেন। পরে সেগুলো যাচাই করে স্বাক্ষর প্রদান করবেন।

**ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)**

শিক্ষক পাঠ্যপুস্তকের অনুশীলনী অংশে বর্ণিত কাজগুলো করানোর সময় শিক্ষার্থীর সক্রিয়তা মূল্যায়নের জন্য শ্রেণি কার্যক্রম পরিচালনার সময় শিক্ষার্থীর মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ করবেন।

- শ্রেণিতে প্রশ্ন করা এবং প্রশ্নের উত্তর দেওয়া;
- জোড়ায়/দলগত কাজে অংশগ্রহণ ও উপস্থাপন;
- শিক্ষকের নির্দেশনা অনুসরণ;
- দলগত কাজে মতামত/পরামর্শ প্রদান ইত্যাদি।

**ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)**

শিক্ষক পাঠ্যপুস্তকের অনুশীলনী অংশে বর্ণিত কাজগুলো করানোর সময়েই শিক্ষক শিক্ষার্থীর বিষয়বস্তুর বোধগম্যতা মূল্যায়ন করবেন। এ জন্য তিনি শিক্ষার্থীকে দিয়ে নিচের কাজগুলো করাতে পারেন।

- একটি বিষয় শুনে নিজের মতো করে বলা;
- কোনো বিষয়ে আলোচনা করার পর উক্ত বিষয় থেকে ২/১টি প্রশ্নের উত্তর দেওয়া;
- কোনো বিষয়ে আলোচনার পর উক্ত বিষয়ের ওপর ২/১টি প্রশ্ন তৈরি করা;
- শিক্ষক প্রদর্শিত পোস্টার কার্ডে উল্লিখিত ছবি দেখে বিষয়বস্তু বর্ণনা করা;
- কোনো শিক্ষণীয় বিষয় ভূমিকাভিনয় করে দেখানো; যেমন: সালাম আদান-প্রদান, অজু করা, আজান ও ইক্বামাত দেওয়া ইত্যাদি।

**ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)**

- প্রতি প্রান্তিকের জন্য নির্ধারিত অধ্যায়/পাঠসমূহের শিখন-শেখানো কার্যক্রম শেষে ক্লাস টেস্ট নেবেন। লিখিত ও মৌখিক পরীক্ষার সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। শিক্ষক প্রতি প্রান্তিকে ন্যূনতম দুইটি ক্লাস টেস্ট নেবেন এবং মূল্যায়নের গড় নম্বর প্রদান করবেন। উত্তরপত্র মূল্যায়ন শেষে বিষয়শিক্ষক প্রমাণক (উত্তরপত্র/প্রদত্ত নম্বর) সংরক্ষণ করবেন। ক্লাস টেস্টশেষে শিক্ষক প্রয়োজন অনুযায়ী ফলাবর্তন দেবেন।

প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে ক্লাস টেস্টের লিখিত প্রশ্নের ধরন নিম্নরূপ হতেপারে:

| প্রশ্নের নম্বর | প্রশ্নের ধরণ | মানবণ্টন |
|---|---|---|
| ১ | দুটি বিকল্প থেকে সঠিক উত্তর বাছাই (৫টি) | ১×৫= ৫ |
| ২ | এক কথায় উত্তর (৫টি) | ১×৫= ৫ |
| ৩ | বর্ণনামূলক প্রশ্ন (১টি) | ৫×১= ৫ |
| ৪ | অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ (৫টি)/ একটি দোয়া অর্থসহ লিখা | ১×৫= ৫ |

| মোট | ২০ |
|---|---|

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)

**খ.১ লিখিত পরীক্ষা (৫০ নম্বর)**

- প্রতি শিক্ষাবর্ষকে ৩টি প্রান্তিকে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক প্রান্তিকে নির্দিষ্ট সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে ৫০ নম্বরের সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে;
- প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে প্রশ্নপত্রেই উত্তর দেওয়ার ব্যবস্থা করতে হবে;
- বার্ষিক পাঠপরিকল্পনা এবং পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর আলোকে মূল্যায়নপদগুলো নির্বাচন করতে হবে।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**প্রথম শ্রেণি, লিখিত – ৫০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১। দুটি বিকল্প থেকে সঠিক উত্তর বাছাই | ৫×১=৫ | ১। দুটি বিকল্প থেকে সঠিক উত্তর বাছাই | ৫×১=৫ | ১। দুটি বিকল্প থেকে সঠিক উত্তর বাছাই | ৫×১=৫ |
| ২। আল্লাহর পরিচয় ও তিনটি নাম লিখা | ১×১০=১০ | ২। কুরআন মাজিদ এর পরিচয় প্রদান করা | 1×১০=১০ | ২। ইমান অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ১×১০=১০ |
| ৩। কালিমা তাইয়্যেবাহ/ কালিমা শাহাদাহ -এর অর্থ লিখা | ১×৫=৫ | ৩। সর্বপ্রথম ও সর্বশেষ নবির নাম লিখা | ১×৫=৫ | ৩। নবি-রাসুল, ইসলাম ও কুরআন অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ১×৫=৫ |
| ৪। ফিকহ অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ | ৪। ফিকহ অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ | ৪। ফিকহ অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ |
| ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ |
| ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×২=১০ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×২=১০ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×২=১০ |

**দ্বিতীয় শ্রেণি, লিখিত – ৫০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১।সঠিকউত্তর বাছাই/একবাক্যে উত্তর | ১×৫=৫ | ১। সঠিক উত্তর বাছাই/ একবাক্যে উত্তর | ১×৫=৫ | ১। সঠিকউত্তর বাছাই/একবাক্যে উত্তর | ১×৫=৫ |
| ২। আল্লাহর পরিচয় ও তিনটি নাম লিখা | ১×১০=১০ | ২। প্রধান চার আসমানি কিতাব/প্রধান চার ফেরেশতার নাম লিখা | ১×১০=১০ | ২। ইমান অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ |
| ৩। কালিমা তাইয়্যেবাহ/ কালিমা শাহাদাহ এর অর্থসহ লিখা | ১×৫=৫ | ৩। সালাম আদান-প্রদানের বাক্যগুলো লিখা | ১×৫=৫ | ৩। নবি-রাসুল, ইসলাম ও কুরআন অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×৫=৫ |
| ৪। ফিকহ অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ | ৪। ফিকহ অংশ থেকে একটি প্রশ্নোত্তর লিখা | ১×১০=১০ | ৪। ফিকহ অংশ থেকে দুইটি প্রশ্নোত্তর লিখা | ২×৫=১০ |
| ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ |
| ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ /শূন্যস্থান পূরণ | ৫×২=১০ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×২=১০ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ /শূন্যস্থান পূরণ | ৫×২=১০ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**
**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়: বাংলা

# শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে বাংলা বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো;

## ক.ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)

- শিক্ষক সহায়িকা অনুসরণ করে পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদের কাজ করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক সহায়িকা অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, ভূমিকাভিনয়, সরব পাঠ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি কাজ। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে করতে দিতে পারেন। পরে সেগুলো যাচাই করে স্বাক্ষর প্রদান করবেন;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর পাঠ্যপুস্তকসংগ্রহ করে ও যাচাই করে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণি কাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে এবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/জোড়ায়/দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সম্পন্ন করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর সক্রিয়তার মাত্রা সামগ্রিকভাবে বিবেচনা করে নম্বর প্রদান করবেন।

### ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)

- শিক্ষক সহায়িকায় বর্ণিত শিখনফলের আলোকে শিক্ষক প্রত্যেক পিরিয়ডে শিক্ষার্থীর ভাষাদক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালে বিভিন্ন কাজে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়ন লক্ষ করবেন। শিক্ষার্থীর ভাষাদক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর ক্ষেত্রে বিকল্প প্রকাশের মাধ্যমে মূল্যায়ন করতে হবে;
- ধারাবাহিক মূল্যায়নের সময় বিশেষ করে 'পড়া' দক্ষতার ওপ রশিক্ষক গুরুত্ব দেবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন। বোধগম্যতা যাচাইয়ের জন্য সমমানের পাঠ পড়তে দিয়ে এবং সংশ্লিষ্ট প্রশ্ন করে উত্তর বলতে/লিখতে বলবেন;
- প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন।

### ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)

- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নেবেন। লিখিত ও মৌখিক কাজের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে;
- শোনা, বলা ও পড়া দক্ষতার মূল্যায়নের জন্য পাঠ্যপুস্তকের কাজসমূহ বিবেচনায় নেবেন;
- শ্রেণি পাঠদানের সময়েই ক্লাস টেস্ট নেবেন। বার্ষিক পাঠপরিকল্পনায় প্রদত্ত ‘পুনরালোচনামূলক পাঠ’ এর স্থলেও ক্লাস-টেস্ট নিতে পারেন;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার ওপর মূল্যায়ন করবেন। ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে দুই বা ততোধিক ক্লাস টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৫০ নম্বর)

- প্রতি শিক্ষাবর্ষকে ৩টি প্রান্তিকে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক প্রান্তিকে ৫০ নম্বরের মধ্যে সামষ্টিক মূল্যায়ন নির্দিষ্ট সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হবে;
- প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে প্রশ্নপত্রেই উত্তর দেওয়ার ব্যবস্থা করতে হবে;
- বার্ষিক পাঠপরিকল্পনা এবং পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর আলোকে মূল্যায়ন পদগুলো নির্বাচন করতে হবে।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**প্রথম শ্রেণি, লিখিত – ৫০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১। ধারাবাহিকভাবে স্বরবর্ণ লেখা | ১×৫=৫ | ১। ধারাবাহিকভাবে ব্যঞ্জনবর্ণ লেখা | ১×৫=৫ | ১। ছবি দেখে বাক্য লেখা/ শব্দ দিয়ে বাক্য লেখা | ২×৫=১০ |
| ২। ধারাবাহিকভাবে ব্যঞ্জনবর্ণ লেখা | ১×৫=৫ | ২। পরের/আগেরবর্ণ লেখা | ২×৫=১০ | ২। ছড়ার/কবিতার চরণ লেখা | ১০ |
| ৩। বর্ণ ও কারচিহ্ন মিল করা/বর্ণ দেখে কারচিহ্ন লেখা | ২×৫=১০ | ৩। ফাঁকা ঘরে কারচিহ্ন/বর্ণ বসিয়েশব্দ তৈরি করা | ২×৫=১০ | ৩। প্রশ্নের উত্তর লেখা | ২×৫=১০ |
| ৪। পরের/আগেরবর্ণ লেখা | ২×৫=১০ | ৪। এলোমেলো বর্ণ সাজিয়ে শব্দ তৈরি করা | ২×৫=১০ | ৪। শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ/ সংখ্যাবাচক শব্দ লেখা | ১×৫=৫ |
| ৫। ফাঁকা ঘওে কারচিহ্ন বসিয়ে শব্দ তৈরি করা | ২×৫=১০ | ৫। ছবি দেখে শব্দ/বাক্য লেখা | ২×৫=১০ | ৫। বিষয় সম্পর্কে বাক্য লেখা | ১০ |
| ৬। এলোমেলোবর্ণ সাজিয়ে শব্দ লেখা | ২×৫=১০ | ৬। দেখে দেখে শব্দ/বাক্য লেখা | ১×৫=৫ | ৬। পরিচিত তথ্য দিয়ে ছক পূরণ করা | ১×৫=৫ |

**দ্বিতীয় শ্রেণি, লিখিত – ৫০ নম্বর**

| ১ম/২য়/৩য় প্রান্তিক | |
|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১।এলোমেলো শব্দ সাজিয়ে বাক্য লেখা/শব্দের অর্থ লেখা | ১×৫=৫ |
| ২। যুক্তব্যঞ্জন ভেঙে লেখা | ২×৫=১০ |
| ৩। প্রশ্নের উত্তর লেখা | ২×৫=১০ |
| ৪। উত্তর বাছাই করে লেখা/খালি ঘরে বর্ণ/শব্দ বসিয়ে যথাক্রমে শব্দ/বাক্য লেখা | ১×৫=৫ |
| ৫। ছড়া/কবিতার চরণ লেখা | ২+২+৬=১০ |
| ৬। বিষয় সম্পর্কে ৫টি বাক্য লেখা | ১×৫=৫ |
| ৭। বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লেখা/ছক পূরণ করা | ১×৫=৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**
**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**



# বিষয়: ইংরেজি
# শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে ইংরেজি (English for Today) বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক.ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)

- শিক্ষক সহায়িকা অনুসরণপূর্বকপাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করতে/লিখতে দেবেন। যেমন- মিলকরণ, শূন্যস্থানপূরণ, সত্য/মিথ্যা, বহুনির্বাচনী, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদি অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে করবে। শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/ প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবে না;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে (ওয়ার্ক শিট) করতে দিতে পারেন, পরে সেগুলো যাচাইপূর্বক স্বাক্ষর প্রদান করে মূল্যায়ন নম্বর প্রদান করবেন;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো (সংযুক্ত অ্যাক্টিভিটি তালিকা) শিক্ষক সহায়িকা অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, রোল-প্লে, সরবপাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এ ক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে নম্বর প্রদান করবেন;

### ক.২ শ্রেণি কাজে সক্রিয়তা (৫ নম্বর)

- বিষয়বস্তুর বোধগম্যতার জন্য শিখন-শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থী সাবলীলভাবে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষার্থী পাঠ সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণি কাজ সঠিকভাবে শুরু ও সম্পন্ন করে;
- শ্রেণিকক্ষে একক/জোড়ায়/দলগত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/প্রজেক্ট ওয়ার্ক করতে আগ্রহী হয়;

শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

### ক.৩ ভাষা দক্ষতা (৫ নম্বর)

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক সহায়িকায় বর্ণিত শিখন যোগ্যতা/শিখনফল সংশ্লিষ্ট ভাষা দক্ষতা মূল্যায়ন করবেন;

- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষা দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন এবং মূল্যায়ন নম্বর দেবেন;
- সকল শিক্ষার্থীর শিখন কার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'পড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন এবং reading with understanding যাচাইয়ের জন্য অনুচ্ছেদ সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

## ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাসটেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষক নিম্নবির্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করবেন।

**Listening (Listening to the instructions and following them)**

- শিক্ষক command and instruction related lessons, sound এবং listening focus text ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি Text/Rhyme/Poem শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**Speaking (Saying about a familiar topic)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে ইংরেজিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন;

**Reading**

- পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থী তা সঠিক উচ্চারণে পড়তে পারছেন কিনা তা যাচাই করবেন;

- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের Text পড়তে দিয়ে তার উপরে মৌখিক প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন এবং পঠন বোধগম্যতা যাচাই করবেন;
- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১৫ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন;

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৫০ নম্বর)

- লিখিত পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্রেই উত্তর প্রদানের ব্যবস্থা রাখতে হবের;
- শিক্ষক প্রতি প্রান্তিকের শিখন যোগ্যতা ও বিষয়বস্তু বিবেচনায় নিয়ে সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র তৈরি করবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**প্রথম শ্রেণি, Written-50**

| 1st/ 2nd/ 3rd Terminal | |
|---|---|
| **List of the items** | **Marks distribution** |
| 1. Matching small letters with capital letters | 10 |
| 2. Writing capital letters | 10 |
| 3. Writing small letters | 10 |
| 4. Writing the first letter/missing lettersof each word in both small and capitalseeing the pictures | 10 |
| 5. Counting and writing the numbers | 10 |

**Students will write the answers to questions 1 to 5 in the answer scripts.**

**দ্বিতীয় শ্রেণি**

**[শিক্ষক প্রতি প্রান্তিকের শিখনযোগ্যতা ও বিষয়বস্তু বিবেচনায় নিয়ে নিম্নলিখিত ১ থেকে ১১ ক্রমিকের আইটেমগুলো থেকে ৫০ নম্বরের প্রশ্নপত্র প্রণয়ন করবেন।]**

| 1st/ 2nd/ 3rd Terminal | | |
|---|---|---|
| **Students will write the answers to questions 1 to 11 in their answer scripts.** | | |
| **List of the items** | **Marks distribution** | **Remarks** |
| 1. Matching words with pictures | 2×5=10 | |
| 2. Writing words for the given pictures | 2×5=10 | |
| 3. Rearranging the letters to make meaningful words | 2×5=10 | |
| 4. Writing the numbers in figures in the blanks | 1×5=5 | |
| 5. Writing the numbers in words | 1×5=5 | |
| 6. Completing dialogue using the relevant information | 2×5=10 | |
| 7. Writing the names of the weekdays/colours/shapes/sizes | 10 | [For 2nd& 3rd terminal] |

| | | | |
|---|---|---|---|
| 8. | Reading text and answering questions:<br>i) Multiple Choice Questions<br>ii) Fill in the blanks with correct words | 1×10=10 | [For 3rd terminal only] |
| 9. | Using correct articles/punctuation marks in the sentences | 1×5=5 | [For 3rd terminal only] |
| 10. | Making meaningful sentences from the substitution table | 2×5=10 | [For 3rd terminal only] |
| 11. | Writing five sentences about a topic (by answering a set of quetions) | 5 | [For 3rd terminal] |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**
**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়: গণিত

# শ্রেণি: প্রথম ও দ্বিতীয়

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে প্রাথমিক গণিত বিষয়ের (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক.ধারাবাহিক মূল্যায়ন (৫০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজগুলো শিক্ষার্থীদের দ্বারা পাঠ্যপুস্তকেই নিয়মিতভাবে সম্পন্ন করাবেন, পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে ফলাবর্তন দিয়ে স্বাক্ষর প্রদান করবেন;
- যেসকল কাজের জন্য অনুশীলন খাতা প্রয়োজন সেগুলো অনুশীলন খাতায় সম্পন্ন করাবেন এবং অনুশীলন খাতা যাচাই করে ফলাবর্তন দেবেন;
- অনুপস্থিতি ও অন্য কোনো কারণে কোনো শিক্ষার্থীর পাঠ্যপুস্তকের কাজ অসম্পূর্ণ থাকলে শিক্ষক সুবিধাজনক সময়ে সেগুলো প্রান্তিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করিয়ে নেবেন;
- শিক্ষক প্রান্তিক মূল্যায়নের পূর্বে কোনো একটি সময়ে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকগুলো সংগ্রহ করবেন এবং পাঠ্যপুস্তকের কাজের মান যাচাই করে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

শিক্ষক নিম্নোক্ত সূচকগুলো বিবেচনা করে শ্রেণিকাজে সক্রিয়তা মূল্যায়ন করবেন এবং নম্বর প্রদান করবেন:

- শিক্ষার্থী পাঠ চলাকালে পাঠসংশ্লিষ্ট আলোচনা, প্রশ্নোত্তর, দলগত কাজ, জোড়ায়কাজ, এককককাজ ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- শিক্ষকে রনির্দেশনায় পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজ, বাড়ির কাজ, অনুশীলন নিয়মিত সম্পাদন করে;
- পাঠেরসময় বিষয়সংশ্লিষ্ট প্রশ্ন করেএবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহপ্র কাশ করে;
- সকলের সাথে মিলেমিশে কাজ করেএবং সহপাঠীদের সহযোগিতা করে;
- শ্রেণিকক্ষের উপকরণ যথাযথভাবে ব্যবহার করে এবং প্রয়োজনীয় শিখন সামগ্রী যেমন- বই, খাতা, কলম, পেন্সিল, অঙ্কন সামগ্রীনিয়মিত নিয়ে আসে।

### ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)

শিক্ষক নিম্নোক্ত সূচকগুলো বিবেচনা করে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক বিষয়বস্তুর আলোকে বোধগম্যতা যাচাই করে মূল্যায়ন করবেন এবং নম্বর প্রদান করবেন:

- তুলনা: শিক্ষার্থীরা বস্তু/ছবি কম-বেশি, ছোটো-বড়ো, খাটো-লম্বা, কাছে-দূরে, হালকা-ভারি তুলনা করতে পারে;
- গণনা: ছবি/বস্তু গণনা করতে পারে এবং সংখ্যা চিনে ছবির সাথে মিল করতে পারে;
- সংখ্যা: সংখ্যা চেনে, সংখ্যা পড়তে ও লিখতে পারে এবং স্থানীয়মানের সাহায্যে কম-বেশির ধারণা প্রকাশ করতে পারে;
- যোগ ও বিয়োগ: যোগ ও বিয়োগ চিহ্ন দেখে যোগ-বিয়োগ করতে পারে। গাণিতিক সমস্যা পড়ে সমাধান প্রক্রিয়া বলতে পারে;
- গুণ: গুণ চিহ্ন দেখে গুণ করতে পারে। গাণিতিক সমস্যা পড়ে সমাধান প্রক্রিয়া বের করতে এবং সমাধান করতে পারে;
- জ্যামিতিক আকৃতি ও প্যাটার্ন বিভিন্ন প্রকার জ্যামিতিক আকৃতি ও প্যাটার্ন শনাক্ত করতে পারে;
- পরিমাপ: দৈর্ঘ্য, ওজন, তরল পদার্থের আয়তন ও সময় পরিমাপের ধারণা আছে এবং পরিমাপ করতে পারে;
- মুদ্রা: বাংলাদেশি মুদ্রা চেনে ও মুদ্রার ব্যবহার সম্পর্কে ধারণা রয়েছে;
- উপাত্ত: আলাদা বস্তু সারণি আকারে সাজাতে পারে।

### ক.৪ ক্লাস টেস্ট (২০ নম্বর)

- শিক্ষক প্রতি প্রান্তিকে এক বা একাধিক অধ্যায় শেষে ক্লাস টেস্ট গ্রহণ করবেন;
- ক্লাস টেস্ট লিখিত, মৌখিক, হাতেকলমে/ব্যবহারিক কাজ, প্রজেক্ট বা অন্য কাজের মাধ্যমে নেওয়া যেতে পারে;
- শিক্ষক শ্রেণিকার্যের মধ্যেই স্বল্প সময়ে ক্লাস টেস্ট গ্রহণ করবেন;
- প্রতি প্রান্তিকে কমপক্ষে ২টি ক্লাস টেস্ট গ্রহণ করতে হবে, তবে সার্বিক ফলাফল তৈরিতে গড় নম্বর বিবেচনা করতে হবে।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৫০ নম্বর)

### খ.১ লিখিত (৫০ নম্বর)

- সামষ্টিক মূল্যায়নে লিখিত পরীক্ষার মাধ্যমে সম্পন্ন করতে হবে;

- শিক্ষক প্রতি প্রান্তিকের শিখন যোগ্যতা ও বিষয়বস্তু বিবেচনায় নিয়ে সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র তৈরি করবেন;
- শিক্ষার্থীরা সরবরাহকৃত উত্তরপত্রে লিখিত পশ্নের উত্তর দেবে।

## খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

প্রথম ও দ্বিতীয় শ্রেণিরগণিত লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো নিচে দেওয়া হলো:

### প্রথম শ্রেণি – গণিত, পূর্ণমান: ৫০

| ১ম প্রান্তিক মূল্যায়ন | | | ২য় প্রান্তিক মূল্যায়ন | | | ৩য় প্রান্তিক মূল্যায়ন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র ন. | বিষয় | নম্বর | ক্রনং | বিষয় | নম্বর | ক্রনং | বিষয় | নম্বর |
| ১. | ছবি দেখে তুলনা করা (৫টি প্রশ্ন থাকবে ৫টির উত্তর করতে হবে।) | ৫ | ১. | কথায়লেখা | ৫ | ১. | কথায় লেখা | ৫ |
| ২. | ছবি গণনা করে সংখ্যা শনাক্ত করা (বৃত্ত / √) চিহ্ন দিয়ে) (৫টি প্রশ্ন থাকবে ৫টির উত্তর করতে হবে।) | ৫ | ২. | স্থানীয় মান নির্ণয় করা | ৫ | ২. | স্থানীয় মান নির্ণয় করা | ৫ |
| ৩. | দাগ টেনে মিল করা | ৫ | ৩. | সংখ্যার তুলনা করা | ৫ | ৩. | সংখ্যার তুলনা করা | ৫ |
| ৪. | খালি ঘর পূরণ করা | ৫ | ৪. | খালিঘরপূরণকরা | ৫ | ৪. | খালিঘর পূরণ করা | ৫ |
| ৫. | ক্রমে সাজানো (ছোটো থেকে বড়ো / বড়ো থেকে ছোটো) | ৫ | ৫. | ক্রমে সাজানো (ছোটো থেকে বড়ো / বড়ো থেকে ছোটো) | ৫ | ৫. | ক্রমে সাজানো (ছোটো থেকে বড়ো / বড়ো থেকে ছোটো ) | ৫ |
| ৬. | যোগ করা (পাশাপাশি, অনুর্ধ্ব ১০) | ৫ | ৬. | যোগকরা (পাশাপাশি, অনুর্ধ্ব ৪০) | ৫ | ৬. | যোগ ও বিয়োগ করা (পাশাপাশি, অনুর্ধ্ব ১০০) | ৫ |
| ৭. | বিয়োগ করা (পাশাপাশি, অনুর্ধ্ব ১০) | ৫ | ৭. | বিয়োগ করা (পাশাপাশি, অনুর্ধ্ব৪০) | ৫ | ৭. | নোট দিয়ে কোনো বস্তুর মূল্য নির্ধারণ করা | ৫ |
| ৮. | চিত্র দেখে আকৃতির নাম লেখা | ৫ | ৮. | আকৃতি দিয়ে চিত্র আঁকা | ৫ | ৮. | আকৃতি দিয়ে চিত্র আঁকা | ৫ |
| ৯. | যোগ সম্পর্কিত সমস্যা (অনুর্ধ্ব১০) | ৫ | ৯. | যোগ সম্পর্কিত সমস্যা (অনুর্ধ্ব ৪০) | ৫ | ৯. | যোগস ম্পর্কিতস মস্যা (অনুর্ধ্ব ১০০) | ৫ |
| ১০. | বিয়োগ সম্পর্কিত সমস্যা (অনুর্ধ্ব১০) | ৫ | ১০. | বিয়োগ সম্পর্কিত সমস্যা (অনুর্ধ্ব ৪০) | ৫ | ১০. | বিয়োগ সম্পর্কিত সমস্যা (অনুর্ধ্ব ১০০) | ৫ |

### দ্বিতীয় শ্রেণি- গণিত, পূর্ণমান: ৫০

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র নং | বিষয় | নম্বর | ক্র নং | বিষয় | নম্বর | ক্র নং | বিষয় | নম্বর |
| ১. | কথা য়লেখা | ৫ | ১. | বিয়োগ করা | ৫ | ১. | গুণকরা | ৫ |
| ২. | অঙ্কে লেখা | ৫ | ২. | বিয়োগের সমস্যা সমাধান | ৫ | ২. | গুণের সমস্যা সমাধান | ১০ |
| ৩. | সংখ্যাটিতে কতগুলো হাজার, শতক, দশ ও এক আছে? | ৫ | ৩. | খালিঘর পূরণ | ৫ | ৩. | সাত দিনের নাম ক্রমানুসারে লেখা | ৫ |
| ৪. | সংখ্যাগুলো ছোট থেকে বড়ো ক্রমানুসারে সাজানো | ৫ | ৪. | যোগ ও বিয়োগসংক্রান্ত সমস্যা | ৫ | ৪. | বারো মাসের নাম লেখা | ৫ |
| ৫. | প্রদত্ত সংখ্যা গুলো থেকে জোড় ও বিজোড় সংখ্যা আলাদা করে লেখা | ৫ | ৫. | যোগসংক্রান্ত সমস্যা (হাতে রেখে) | ১০ | ৫. | মুদ্রাসংক্রান্ত সমস্যার সমাধান | ৫ |
| ৬. | পরবর্তী সংখ্যা গুলো কত হবে? | ৫ | ৬. | বিয়োগসংক্রান্ত সমস্যা (হাতে রেখে) | ৫ | ৬. | সংখ্যাকে ট্যালিচিহ্নে প্রকাশক রা | ১০ |
| ৭. | ক্রমবাচক সংখ্যা | ৫ | ৭. | যোগ ও বিয়োগসংক্রান্ত সমস্যা (হাতে রেখে) | ১০ | ৭. | জ্যামিতিক আকৃতি অংকন (তিনকোনা, চারকোনা, গোলাকৃতি) | ১০ |
| ৮. | যোগকরি | ৫ | ৮. | বস্তুর সাথে আকৃতিসমূহের দাগ টেনে মিলকরা | ৫ | | | |
| ৯. | যোগের সমস্যা সমাধান | ৫ | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০. | জ্যামিতিক আকৃতির নাম লেখা (পাঁচটি বস্তুর) | ৫ | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**
**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# অংশ-খ

# তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি

# বিষয়ভিত্তিক বিশেষ নির্দেশনা

**বিষয়:**

১. কুরআন মাজিদ ও তাজভিদ

২. আরবি/আরবি ১ম পত্র

৩. আরবি ২য় (শুধু ৫ম শ্রেণির জন্য)

৪. আকাইদ ও ফিকহ

৫. বাংলা

৬. ইংরেজি

৭. গণিত

৮. বিজ্ঞান

৯. বাংলাদেশ ও বিশ্বপরিচয়

# বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ

## শ্রেণি: তৃতীয়/চতুর্থ/পঞ্চম

পূর্বে ‘সাধারণনির্দেশনাবলি’ অংশে বর্ণিত নির্দেশনার সাথে কুরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের (তৃতীয়,চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো।

### ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

#### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (২০ নম্বর)

- শিক্ষক শিক্ষার্থীদেরকে পাঠ্যপুস্তকে দেওয়া কাজগুলো করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক সহায়িকা অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, ভূমিকাভিনয়, সঠিক উচ্চারণ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি কাজ। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে করতে দিতে পারেন। পরে সেগুলো যাচাই করে স্বাক্ষর প্রদান করবেন;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর পাঠ্যপুস্তকসংগ্রহ করে ও যাচাই করে নম্বর প্রদান করবেন।

#### ক.২ শ্রেণি কাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে এবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণি কাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/জোড়ায়/দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সম্পন্ন করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/মাশক/অডিও ভিডিও ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে;
- প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর সক্রিয়তা রমাত্রা সামগ্রিকভাবে বিবেচনা করে নম্বর প্রদান করবেন।

#### ক.৩ বিশুদ্ধ উচ্চারণ দক্ষতা (৫ নম্বর)

- শিক্ষক প্রত্যেক পিরিয়ডে শিক্ষার্থীর বিশুদ্ধ উচ্চারণ দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালে বিভিন্ন কাজে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়ন লক্ষ করবেন। শিক্ষার্থীর বিশুদ্ধ উচ্চারণ দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর ক্ষেত্রে বিকল্প প্রকাশের মাধ্যমে মূল্যায়ন করতে হবে;
- ধারাবাহিক মূল্যায়নের সময় বিশেষ করে ‘উচ্চারণ’ দক্ষতার ওপর শিক্ষক গুরুত্ব দেবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের আয়াত ও সূরা পড়তে দেবেন। তিলাওয়াতের বিশুদ্ধতা যাচাইয়ের জন্য সমমানের পাঠ পড়তে দিয়ে এবং সংশ্লিষ্ট প্রশ্ন

করে উত্তর বলতে/লিখতে বলবেন;

- প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন।

**ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)**

- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নেবেন। লিখিত ও মৌখিক কাজের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে;
- শোনা, বলা ও পড়া দক্ষতার মূল্যায়নের জন্য পাঠ্যপুস্তকের কাজসমূহ বিবেচনায় নেবেন;
- শ্রেণি পাঠদানের সময়েই ক্লাস টেস্ট নেবেন। বার্ষিক পাঠ পরিকল্পনায় প্রদত্ত ‘পুনরালোচনামূলক পাঠ’ এর স্থলেও ক্লাস-টেস্ট নিতে পারেন;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার ওপর মূল্যায়ন করবেন। ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে দুই বা ততোধিক ক্লাস টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

**খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)**

- প্রতি শিক্ষাবর্ষকে ৩টি প্রান্তিকে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক প্রান্তিকে ৭০ নম্বরের মধ্যে সামষ্টিক মূল্যায়ন নির্দিষ্ট সময়ে লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হবে;
- বার্ষিক পাঠ পরিকল্পনা এবং পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর আলোকে মূল্যায়ন পদগুলো নির্বাচন করতে হবে।

**খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো**

## তৃতীয় শ্রেণি, লিখিত: ৭০ নম্বর

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১। নুন সাকিন তানভিনের নিয়ম যাচাই করন | ২×৫=১০ | ১। মাদ্দ যাচাই করন | ১×১০=১০ | ১। তাজভিদের নিয়ম যাচাই করন | ১×১০=১০ |
| ২। নির্দিষ্ট শব্দে হরকত প্রদান (নুন সাকিন ও তানভিন) | ১×১০=১০ | ২। নির্দিষ্ট শব্দে হরকত প্রদান (মাদ্দ) | ১×১০=১০ | ২। নির্দিষ্ট শব্দে হরকত প্রদান | ১×১০=১০ |
| ৩। শূন্যস্থান পূরণ (নুন সাকিন ও তানভিন) | ১×১০=১০ | ৩। শূন্যস্থান পূরণ (মাদ্দ) | ১×১০=১০ | ৩। শূন্যস্থান পূরণ | ১×১০=১০ |
| ৪। হরকতসহ মুখস্থ লেখা(সূরা ফাতিহা/ফিল/কুরাইশ/মাউন) | ১×১০=১০ | ৪। হরকতসহ মুখস্থ লেখা (সূরা কাউসার/কাফিরুন নাসর/লাহাব) | ১×১০=১০ | ৪। হরকতসহ মুখস্থলেখা(সূরা ইখলাস/ফালাক/নাস) | ১×১০=১০ |
| ৫। হরকত ছাড়া মুখস্থ লেখা সূরা ফাতিহা/ফিল/ কুরাইশ/মাউন) | ১×১০=১০ | ৫। হরকতছাড়া মুখস্থ লেখা (সূরা কাউসার/কাফিরুন নাসর/লাহাব) | ১×১০=১০ | ৫। হরকত ছাড়া মুখস্থ লেখা (সূরা ইখলাস/ফালাক/নাস) | ১×১০=১০ |
| ৬। মাখরাজের পরিচয় | ১×১০=১০ | ৬। নুন সাকিন ও তানভিনের বিবরন | ১×১০=১০ | ৬। ওয়াজিব গুন্নাহের পরিচিতি | ১×১০=১০ |
| ৭। মাদ্দের বিবরণ | ১×১০=১০ | ৭। মীম সাকিন বিবরণ | ১×১০=১০ | ৭। উদাহরণ থেকে মাদ্দের প্রকার নির্ণয় | ১×১০=১০ |

## চতুর্থ শ্রেণি, লিখিত: ৭০ নম্বর

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বন্টন | প্রশ্নের আইটেম | নম্বর বন্টন | প্রশ্নের আইটেম | নম্বর বণ্টন |
| ১। কুরআন মাজিদ তিলাওয়াতের গুরুত্ব ও ফজিলত | ১×১০=১০ | ১। কুরআন মাজিদ তিলাওয়াতের পরিচিতি | ১×১০=১০ | ১। কুরআন মাজিদ তিলাওয়াতের গুরুত্ব ও ফজিলত | ১×১০=১০ |
| ২। কুরআন মাজিদ হিফজ করার গুরুত্ব ও ফজিলত | ১×১০=১০ | ২। হরকতসহ মুখস্ত লেখা (সূরা ক্বারিয়াহ/ সূরা তাকাছুর) | ১×১০=১০ | ২। হরকতসহ মুখস্ত লেখা(সূরা আছর/ সূরা হুমাযাহ) | ১×১০=১০ |
| ৩। কুরআন মাজিদ এর আয়াত লিখে অনুশীলনের গুরুত্ব | ১×১০=১০ | ৩। হরকত ছাড়া মুখস্ত লেখা (সূরা ক্বারিয়াহ/সূরা তাকাছুর) | ১×১০=১০ | ৩। হরকত ছাড়া মুখস্ত লেখা (সূরা আছর/ সূরা হুমাযাহ) | ১×১০=১০ |
| ৪। হরকতসহ মুখস্ত লেখা (সূরা যিলযাল/সূরা আদিয়াত) | ১×১০=১০ | ৪। মাদ্দের পরিচয় ও মাদ্দের হরফ সমূহ | ১×১০=১০ | ৪। ওয়াজিব গুন্নাহ | ১×১০=১০ |
| ৫। হরকত ছাড়া মুখস্ত লেখা (সূরা যিলযাল/ সূরা আদিয়াত) | ১×১০=১০ | ৫। মাদ্দের প্রকারসমূহ | ১×১০=১০ | ৫। রা হরফ পোর তথা মোটা করে পড়ার নিয়ম | ১×১০=১০ |
| ৬। ইলমে তাজভিদের গুরুত্ব ও ফজিলত | ১×১০=১০ | ৬। নুন সাকিন ও তানভিনের নিয়ম | ১×১০=১০ | ৬। রা হরফ বারিক তথা পাতলা করে পড়ার নিয়ম | ১×১০=১০ |
| ৭। মাখরাজের পরিচয় | ১×১০=১০ | ৭। মীম সাকিন ও তানভিনের নিয়ম | ১×১০=১০ | ৭। আল্লাহ শব্দের লাম পড়ার নিয়ম | ১×১০=১০ |

## ৫ম শ্রেণি, লিখিত: ৭০ নম্বর

| ১ম/২য়/৩য় প্রান্তিক | |
|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর বণ্টণ |
| ১। এককথায় বা এক বাক্যে সংক্ষেপে উত্তর লিখন | ১×১০=১০ |
| ২। হরকতসহ সূরা বা আয়াত লিখন | ১×১০=১০ |
| ৩। সূরা বা আয়াতের অনুবাদ | ২×৫=১০ |
| ৪। রচনামূলক প্রশ্ন (কুরআন অংশ) | ২×৫=১০ |
| ৫। রচনামূলক প্রশ্ন (তাজবিদ অংশ) | ২×৫=১০ |
| ৬। তাজবিদের কায়দা | ২×৫=১০ |
| ৭। শুণ্যস্থান/ডান বাম মিলকরন | ২×৫=১০ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**

**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়: আরবি
# শ্রেণি: তৃতীয় ও চতুর্থ

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে আরবি (الدروس العربية) বিষয়ের (তৃতীয়, চতুর্থ শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

**ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করতে/লিখতে দেবেন। যেমন- মিলকরণ, শূন্যস্থানপূরণ, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদি অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে করবে। শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/ প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবেনা;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো (সংযুক্ত অ্যাক্টিভিটি তালিকা) শিক্ষক নিজে থেকে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, রোল-প্লে, সরব পাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে নম্বর প্রদান করবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে (ওয়ার্কশিট) করতে দিতে পারেন, পরে সেগুলো যাচাই পূর্বক স্বাক্ষর প্রদান করে মূল্যায়ন নম্বরপ্রদান করবেন।

**ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)**

- বিষয়বস্তুর বোধগম্যতার জন্য শিখন-শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থী সাবলীলভাবে পাঠ সংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষার্থী পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ সঠিকভাবে শুরু ও সম্পন্ন করে;
- শ্রেণিকক্ষে একক/জোড়ায়/দলগতকাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/প্রজেক্টওয়ার্ক করতে আগ্রহী হয়;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে;

শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

**ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)**

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক যথানিয়মে শিখনযোগ্যতা/শিখনফল সংশ্লিষ্ট ভাষা দক্ষতা মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষা দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ

চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফলাবর্তন দেবেনএবং মূল্যায়ন নম্বর দেবেন;

- সকল শিক্ষার্থীর শিখন কার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এ ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'পড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন এবং 'বুঝে পড়া' যাচাইয়ের জন্য অনুচ্ছেদ সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

**ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)**

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষক নিম্নবির্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করবেন।

**الاستماع (Listening)**

- শিক্ষক আদেশ ও নির্দেশনাভিত্তিক পাঠ এবং ধ্বনি ও শ্রবণদক্ষতাকেন্দ্রিক পাঠ ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি টেক্সট/ছড়া /কবিতা শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**الكلام (Speaking)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে আরবিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন;

**القراءة (Reading)**

- পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থী তা সঠিক উচ্চারণে পড়তে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের نص পড়তে দিয়ে তার উপরে মৌখিক প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন এবং পঠন বোধগম্যতা যাচাই করবেন।

**الكتابة (Writing)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করে বোর্ডে লিখবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- একইভাবে শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করবেন। প্রয়োজনে একাধিকবার করবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নিবেন। মৌখিক এর পাশাপাশি লিখিত কাজের সমন্বয়ে টেস্ট নেয়া যেতে পারে;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নিজ নিজ বই দেখে খাতায় লিখতে দিতে পারেন। পরে তিনি প্রয়োজনীয় সংশোধনী দিয়ে দিবেন;

- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১৫ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিকমূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**তৃতীয় শ্রেণি**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | শব্দার্থ লেখা: ৮টি | ৮ | ১ | শব্দার্থ লেখা: ৮টি | ৮ | ১ | শব্দার্থ লেখা: ৮টি | ৮ |
| ২ | আরবি কবিতা লেখা: ৫ লাইন | ৫ | ২ | আরবি কবিতা লেখা: ৫ লাইন | ৫ | ২ | আরবি কবিতা লেখা: ৫ লাইন | ৫ |
| ৩ | আরবি অনুচ্ছেদ (نص)-এর অনুবাদ: ২টি থেকে ১টি | ১০ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: ২টি থেকে ১টি | ১০ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) এর অনুবাদ: ২টি থেকে ১টি | ১০ |
| ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি | ১০ |
| ৫ | ইংরেজি ১২ মাসের মধ্যে ১ম ৬ মাসের নাম | ৮ | ৫ | ইংরেজি ১২ মাসের নাম | ৮ | ৫ | ইংরেজি ১২ মাসের নাম | ৮ |
| ৬ | আরবিতে অনুচ্ছেদ লেখা: ৫ বাক্যে (بيتي) | ৭ | ৬ | আরবিতে অনুচ্ছেদ লেখা: ৫ বাক্যে (أسرتي، بيتي) | ৭ | ৬ | আরবিতে অনুচ্ছেদ লেখা: ৫ বাক্যে ( أسرتي، بيتي، المسجد) | ৭ |
| ৭ | আরবিতে নিজের পরিচয় লেখা: ৩ বাক্যে | ৭ | ৭ | আরবিতে নিজের পরিচয় লেখা: ৪ বাক্যে | ৭ | ৭ | আরবিতে নিজের পরিচয় লেখা: ৫ বাক্যে | ৭ |
| ৮ | আরবিতে সংখ্যা লেখা (অঙ্কে/কথায়): ১- ২০ | ৮ | ৮ | আরবিতে সংখ্যা লেখা (অঙ্কে/ কথায়): ১ - ২৫ | ৮ | ৮ | আরবিতে সংখ্যা লেখা (অঙ্কে/ কথায়): ২৬ - ৫০ | ৮ |
| ৯ | সত্য-মিথ্যা নির্ণয়/সঠিক উত্তরে টিক দেয়া/বাক্য গঠন/ ইসম ইশারা ( هذا، ذلك، هذه، تلك) -এর ব্যবহার/ শূন্যস্থান পূরণ/ মিলকরণ: ৫টি | ৭ | ৯ | সত্য-মিথ্যা নির্ণয়/ সঠিক উত্তরে টিক দেয়া/ বাক্য গঠন/ ইসম ইশারা ( هذا، ذلك، هذه، تلك) -এর ব্যবহার/ শূন্যস্থান পূরণ/ মিলকরণ: ৫টি | ৭ | ৮ | সত্য-মিথ্যা নির্ণয়/ সঠিক উত্তরে টিক দেয়া/বাক্য গঠন/ ইসম ইশারা ( هذا، ذلك، هذه، تلك) এর ব্যবহার/ শূন্যস্থানপূরণ/ মিলকরণ: ৫টি | ৭ |

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**চতুর্থ শ্রেণি**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নেরধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ | ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ | ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ |
| ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ | ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ | ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ |
| ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ |
| ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোট প্রশ্নোত্তর | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোট প্রশ্নোত্তর | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোট প্রশ্নোত্তর | ১০ |
| ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ | ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ | ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ |
| ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ | ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ | ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ |
| ৭ | সঠিক/ভুল নির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ | ৭ | সঠিক/ভুল নির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ | ৭ | সঠিক/ ভুল নির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ |
| ৮ | বচন পরিবর্তন করা: ৫টি | ৫ | ৮ | বচন পরিবর্তন করা: ৫টি | ৫ | ৮ | বচনপরিবর্তন করা: ৫টি | ৫ |
| ৯ | শূন্যস্থান পূরণ/সঠিক শব্দ বাছাই/ حوار -এর পরের লাইন পূরণ : ৫টি | ৮ | ৯ | শূন্যস্থান পূরণ/সঠিক শব্দ বাছাই/ حوار -এর পরের লাইন পূরণ : ৫টি | ৮ | ৯ | শূন্যস্থান পূরণ/ সঠিক শব্দ বাছাই/ حوار -এর পরের লাইন পূরণ : ৫টি | ৮ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/ নির্দেশনা অনুযায়ী বাক্যের মধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনুযায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ | ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/ নির্দেশনা অনুযায়ী বাক্যের মধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনুযায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ | ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/নির্দেশনা অনুযায়ী বাক্যে রমধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনুযায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**

**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়: আরবি ১ম পত্র

## শ্রেণি: পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে পঞ্চম শ্রেণিরআরবি (الدروس العربية والقواعد) বিষয়ের জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করতে/লিখতে দেবেন। যেমন- মিলকরণ, শূন্যস্থানপূরণ, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদি অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে করবে। শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/ প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবেনা;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো (সংযুক্ত অ্যাক্টিভিটি তালিকা) শিক্ষক নিজে থেকে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, রোল-প্লে, সরব পাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে নম্বর প্রদান করবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে (ওয়ার্কশিট) করতে দিতে পারেন, পরে সেগুলো যাচাই পূর্বক স্বাক্ষর প্রদান করে মূল্যায়ন নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- বিষয়বস্তুর বোধগম্যতার জন্য শিখন-শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থী সাবলীলভাবে পাঠ সংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষার্থী পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ সঠিকভাবে শুরু ও সম্পন্ন করে;
- শ্রেণিকক্ষে একক/জোড়ায়/দলগতকাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- রোল-প্লে/প্রেজেন্টেশন/প্রজেক্টওয়ার্ক করতে আগ্রহী হয়;

- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে। শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

**ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)**

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক যথানিয়মে শিখনযোগ্যতা/শিখনফল সংশ্লিষ্ট ভাষা দক্ষতা মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষা দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফলাবর্তন দেবেনএবং মূল্যায়ন নম্বর দেবেন;
- সকল শিক্ষার্থীর শিখন কার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এ ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'পড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন এবং 'বুঝে পড়া' যাচাইয়ের জন্য অনুচ্ছেদ সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

## ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষক নিম্নবির্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করবেন।

**الاستماع (Listening)**

- শিক্ষক আদেশ ও নির্দেশনাভিত্তিক পাঠ এবং ধ্বনি ও শ্রবণদক্ষতাকেন্দ্রিক পাঠ ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি টেক্সট/ছড়া /কবিতা শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**الكلام (Speaking)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে আরবিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন;

**القراءة (Reading)**

- পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থী তা সঠিক উচ্চারণে পড়তে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের نص (মূলপাঠ) পড়তে দিয়ে তার উপরে মৌখিক প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর

দিতে বলবেন এবং পঠন বোধগম্যতা যাচাই করবেন।

**الكتابة (Writing)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করে বোর্ডে লিখবেনন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- একইভাবে শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করবেন।প্রয়োজনে একাধিকবার করবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কিনা তা যাচাই করবেন;
- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নিবেন। মৌখিক এর পাশাপাশি লিখিত কাজের সমন্বয়ে টেস্ট নেয়া যেতে পারে;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নিজ নিজ বই দেখে খাতায় লিখতে দিতে পারেন। পরে তিনি প্রয়োজনীয় সংশোধনী দিয়ে দিবেন;

- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন;
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১০ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**পঞ্চম শ্রেণি: আরবি ১ম পত্র**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ | ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ | ১ | শব্দার্থ লেখা: ১৪টি থেকে ১০টি | ১০ |
| ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ | ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ | ২ | আরবি কবিতা লেখা: ২টি কবিতা থেকে ১টির ৫ লাইন | ৭ |
| ৩ | আরবি অনুচ্ছেদ (نص)-এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ | ৩ | আরবি অনুচ্ছেদ (نص) -এর অনুবাদ: গদ্যাংশ থেকে ২টি থেকে ১টি | ৮ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোট প্রশ্নোত্তর | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোট প্রশ্নোত্তর | ১০ | ৪ | আরবিতে প্রশ্নোত্তর: ৭টি থেকে ৫টি ছোটপ্রশ্নোত্তর | ১০ |
| ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ | ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ | ৫ | বাক্য গঠন: ৮টি শব্দ থেকে ৫টি | ৫ |
| ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ | ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ | ৬ | আরবিতে কথোপকথন (حوار) লেখা: ২টি বিষয় থেকে ১টির ওপর ৬ বাক্যে | ৭ |
| ৭ | সঠিক/ভুলনির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ | ৭ | সঠিক/ভুল নির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ | ৭ | সঠিক/ভুল নির্ণয় এবং ভুল শুদ্ধ করা: ৫টি | ৫ |
| ৮ | বচন পরিবর্তন করা: ৫টি | ৫ | ৮ | বচন পরিবর্তন করা: ৫টি | ৫ | ৮ | বচনপরিবর্তন করা: ৫টি | ৫ |
| ৯ | শূন্যস্থান পূরণ/সঠিক শব্দ বাছাই/ حوار এর পরের লাইন পূরণ/ প্রদত্ত বাক্যের ওপর প্রশ্ন করা : ৫টি | ৮ | ৯ | শূন্যস্থান পূরণ/সঠিকশব্দ বাছাই/ حوار এর পরের লাইন পূরণ/প্রদত্ত বাক্যের ওপর প্রশ্ন করা : ৫টি | ৮ | ৯ | শূন্যস্থান পূরণ/সঠিক শব্দ বাছাই/ حوار এর পরের লাইন পূরণ/প্রদত্ত বাক্যের ওপর প্রশ্ন করা : ৫টি | ৮ |
| ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/ নির্দেশনা অনুযায়ী বাক্যের মধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনুযায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ | ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/ নির্দেশনা অনুযায়ী বাক্যের মধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনু-যায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ | ১০ | فاعل অনুযায়ী فعل পরিবর্তন/ নির্দেশনা অনুযায়ী বাক্যের মধ্যে فعل পরিবর্তন/নির্দেশনা অনু-যায়ী বাক্য পরিবর্তন/বিপরীত শব্দ লেখা: ৫টি | ৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**
**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে।**

# বিষয়:আরবি ২য় পত্র

## শ্রেণি: পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে পঞ্চম শ্রেণির আরবি **২য়** পত্র (الدروس العربية والقواعد) বিষয়ের জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

**ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)**

- শিক্ষক পাঠ্যপুস্তকে নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করতে/লিখতে দেবেন। শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/ প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবে না;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলোশিক্ষক নিজে থেকে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, সরব পাঠ, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে নম্বর প্রদান করবেন।

**[দ্র. পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে অ্যাক্টইভিটিসমূহ করানো/লখানো দুষণীয় নয়]**

## ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- বিষয়বস্তুর বোধগম্যতার জন্য শিখন-শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থী সাবলীলভাবে পাঠ সংশ্লিষ্ট প্রশ্ন করে;
- শিক্ষার্থী পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ সঠিকভাবে শুরু ও সম্পন্ন করে;
- শ্রেণিকক্ষে একক/জোড়ায়/দলগতকাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- প্রেজেন্টেশন/প্রজেক্টওয়ার্ক করতে আগ্রহী হয়;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে;

শিক্ষক উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

## ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক যথানিয়মে শিখনযোগ্যতা/শিখনফল সংশ্লিষ্ট ভাষা দক্ষতা মূল্যায়ন করবেন;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষা দক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফিডব্যাক (ফলাবর্তন) নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- সকল শিক্ষার্থীর শিখন কার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এ ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষ দিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'বুঝেপড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি বিবেচনা করে শিক্ষার্থীদের নতুন শব্দ ও বাক্য তৈরি করতে দেবেন এবং 'বুঝে পড়া' যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

## ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষক নিম্নবর্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করবেন।

**الاستماع (Listening)**

- শিক্ষক আদেশ (commad) ও নির্দেশনাভিত্তিক পাঠ এবং ধ্বনি ও শ্রবণদক্ষতাকেন্দ্রিক পাঠ ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি টেক্সট/ছড়া /কবিতা/তাছরিফ (শব্দের রূপান্তর) শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**الكلام (Speaking)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের অভিনয় বা ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে আরবিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন;

**القراءة (Reading)**

- শিক্ষক আরবি ১ম পত্র পাঠ্যপুস্তকের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থী তা সঠিক উচ্চারণে পড়তে পারছে কি-না তা যাচাই করবেন;
- শিক্ষক আরবি ১ম পত্র পাঠ্যপুস্তকের نص (text) পড়তে দিয়ে তার উপরে মৌখিক প্রশ্ন করে শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন এবং পঠন বোধগম্যতা যাচাই করবেন।

**الكتابة (Writing)**

- শিক্ষক পাঠ্যপুস্তকের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করে বোর্ডে লিখবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী সঠিকভাবে লিখতে পারছে কি-না তা যাচাই করবেন;
- একইভাবে শিক্ষক নিজেই পাঠ্যপুস্তকের পাঠ বা পাঠ্যাংশ উচ্চারণ করবেন। প্রয়োজনে একাধিকবার করবেন এবং শিক্ষার্থীকে খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থী তা সঠিকভাবে লিখতে পারছে কি-না তা যাচাই করবেন;
- শিক্ষক কয়েকটি পাঠ শেষে ক্লাস টেস্ট নিবেন। মৌখিক এর পাশাপাশি লিখিত কাজের সমন্বয়ে টেস্ট নেয়া যেতে পারে;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে বই দেখে কিংবা মুখস্থ পাঠ খাতায় লিখতে দিতে পারেন। পরে তিনি প্রয়োজনীয় সংশোধনী দিয়ে দিবেন।

- শিক্ষক শিক্ষার্থীদেরকে লেখার সময় হারাকাত দিয়ে লিখতে বলবেন এবং হারাকাত দিয়ে গিয়ে কী কী ভুল হলো তা সংশোধন করে দিবেন।
- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন।
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১০ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

**খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)**

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

**খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো**

**পঞ্চম শ্রেণি, নম্বর - ৭০**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশ্নে রধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান | ক্রম | প্রশ্নের ধরন | মান |
| ১ | ছরফ অংশ থেকে প্রশ্নোত্তর: ৬টির মধ্যে ৪টি | ২০ | ১ | ছরফ অংশ থেকে প্রশ্নোত্তর: ৬টির মধ্যে ৪টি | ২০ | ১ | ছরফ অংশ থেকে প্রশ্নোত্তর: ৬টির মধ্যে ৪টি | ২০ |
| ২ | নাহু অংশ থেকে প্রশ্নোত্তর: ৫টির মধ্যে ৩টি | ১৫ | ২ | নাহু অংশ থেকে প্রশ্নোত্তর: ৫টির মধ্যে ৩টি | ১৫ | ২ | নাহু অংশ থেকে প্রশ্নোত্তর: ৫টির মধ্যে ৩টি | ১৫ |
| ৩ | বাংলা বাক্যের আরবি অনুবাদ: ৫টি | ১০ | ৩ | বাংলা বাক্যের আরবি অনুবাদ: ৫টি | ১০ | ৩ | বাংলা বাক্যের আরবি অনুবাদ: ৫টি | ১০ |
| ৪ | আরবি বাক্যের বাংলা অনুবাদ: ৫টি | ১০ | ৪ | আরবি বাক্যের বাংলা অনুবাদ: ৫টি | ১০ | ৪ | আরবি বাক্যের বাংলা অনুবাদ: ৫টি | ১০ |
| ৫ | আরবিতে চিঠি/ দরখাস্ত লেখা | ৮ | ৫ | আরবিতে চিঠি/ দরখাস্ত লেখা | ৮ | ৫ | আরবিতে চিঠি/ দরখাস্ত লেখা | ৮ |
| ৬ | আরবি (فقرة) অনুচ্ছেদ লেখা: | ৭ | ৬ | আরবি (فقرة) অনুচ্ছেদ লেখা: | ৭ | ৬ | আরবি (فقرة) অনুচ্ছেদ লেখা: | ৭ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন;**

**২. প্রয়োজনে প্রত্যেক আইটেমে একাধিক অতিরিক্ত প্রশ্ন থাকতে পারে**

# বিষয়: আকাইদ ও ফিকহ

# শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে আকাইদ ও ফিকহ বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- পাঠ্যপুস্তকের নির্ধারিত অনুশীলনী থেকে শিক্ষার্থীদের কাজ করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, ভূমিকাভিনয়, একক কাজ, জোড়ায় কাজ, দলগত কাজ, সরব পাঠ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি পদ্ধতি। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- যে সকল কাজের জন্য অনুশীলন খাতা প্রয়োজন সেগুলো অনুশীলন খাতায় সম্পন্ন করাবেন এবং অনুশীলন খাতা যাচাই করে ফলাবর্তন দেবেন;
- অনুপস্থিতি ও অন্য কোনো কারণে কোনো শিক্ষার্থীর পাঠ্য পুস্তকের অনুশীলনীর কাজ অসম্পূর্ণ থাকলে শিক্ষক সুবিধাজনক সময়ে সেগুলো প্রান্তিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করিয়ে নেবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী পাঠ চলাকালে পাঠসংশ্লিষ্ট আলোচনা, প্রশ্নোত্তর, দলগত কাজ, জোড়ায় কাজ, একক কাজ ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- শিক্ষকের নির্দেশনায় পাঠ্যপুস্তকে প্রদত্তকাজ, বাড়ির কাজ, অনুশীলন নিয়মিত সম্পাদন করে;
- পাঠের সময় সংশ্লিষ্ট প্রশ্ন করে এবং উত্তর প্রদানে আগ্রহ প্রকাশ করে;
- সকলের সাথে মিলেমিশে কাজ করার আগ্রহ প্রকাশ করে ও সহপাঠীদের সহযোগিতা করে;
- শ্রেণিকক্ষের উপকরণ যথাযথভাবে ব্যবহার করে এবং প্রয়োজনীয় শিখন সামগ্রী যেমন- বই, খাতা, কলম, পেন্সিল, অঙ্কন সামগ্রী নিয়মিত নিয়ে আসে।

### ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)

শ্রেণিতে শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিষয়বস্তুর বোধগম্যতার মূল্যায়ন করবেন, এজন্য আলাদা কোনো কার্যক্রম পরিচালনার প্রয়োজন নেই। এই শিরোনামে মূল্যায়নের সময় নিম্নবর্ণিত সূচক সমূহ বিবেচনায় নিয়ে মূল্যায়ন করবেন।

- মূল ধারণা সঠিকভাবে বলতে পারা: পাঠের সাথে সংশ্লিষ্ট মূল বিষয়, শব্দ, দোয়াসমূহ , আরবি পরিভাষা ইত্যাদি ঠিকভাবে বলতে ও উচ্চারণ করতে পারা;
- শিক্ষক প্রদর্শিত পোস্টার কার্ডে উল্লিখিত ছবি দেখে বিষয়বস্তুর বর্ণনা করতে পারা;
- নিজের ভাষায় আকাইদ ও ফিকহের বিভিন্ন মাসাআলা-মাসাইল বলতে পারা;
- শেখা তথ্য নিজের ভাষায় সংক্ষেপে ব্যাখ্যা বা বর্ণনা করতে পারা;
- কোনো বিষয়ে আলোচনা করার পর উক্ত বিষয় থেকে ২/১টি প্রশ্নের উত্তর প্রদান করতে পারা;
- কোনো বিষয়ে আলোচনার পর উক্ত বিষয়ের ওপর ২/১টি প্রশ্ন তৈরি করতে পারা;
- জ্ঞান প্রয়োগ করতে পারা (বাস্তব জীবনে); শেখা তথ্য নিজের জীবন, সমাজ বা পরিবেশে প্রয়োগ করতে পারা।

### ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

- প্রতি প্রান্তিকের জন্য নির্ধারিত অধ্যায়/পাঠসমূহের শিখন-শেখানো কার্যক্রম শেষে ক্লাস টেস্ট নেবেন। লিখিত ও মৌখিক পরীক্ষার

সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। শিক্ষক প্রতি প্রান্তিকে ন্যূনতম দুইটি ক্লাস টেস্ট নেবেন এবং মূল্যায়নের গড় নম্বর প্রদান করবেন। উত্তরপত্র মূল্যায়ন শেষে বিষয় শিক্ষক প্রমাণক (উত্তরপত্র/প্রদত্ত নম্বর) সংরক্ষণ করবেন। ক্লাস টেস্ট শেষে শিক্ষক প্রয়োজন অনুযায়ী ফলাবর্তন দেবেন;

- তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে ক্লাস টেস্টের লিখিত প্রশ্নের ধরন নিম্নরূপ হতে পারে:
-

| প্রশ্নের নম্বর | প্রশ্নের ধরণ | প্রশ্নের মানবণ্টন |
|---|---|---|
| ১ | সঠিকউত্তর বাছাই (৫টি) | ১×৫= ৫ |
| ২ | এক কথায় উত্তর (৫টি)/সংক্ষেপে উত্তর (২টি) | ১×৫= ৫ |
| ৩ | বর্ণনামূলকপ্রশ্ন (১টি) | ৫×১= ৫ |
| ৪ | অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ (৫টি)/ একটি দোয়া অর্থসহ লিখা | ১×৫= ৫ |
| মোট | | ২০ |

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- সমস্যা সমাধানমূলক (বিস্তৃত উত্তর) কাঠামোবদ্ধ প্রশ্ন করতে হবে। পরিচিত প্রেক্ষাপটের আলোকে একটি সমস্যামূলক প্রশ্নের ২/৩টি অংশ থাকতে পারে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে। অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**শ্রেণি: তৃতীয়** **সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট,** **লিখিত – ৭০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| প্রশ্নের আইটেম | নম্বর | প্রশ্নের আইটেম | নম্বর | প্রশ্নের আইটেম | নম্বর |
| ১। সঠিক উত্তর বাছাই | ৫×১=৫ | ১। সঠিকউত্তর বাছাই | ৫×১=৫ | ১। সঠিকউত্তর বাছাই | ৫×১=৫ |
| ২। আকাইদ অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ৫×১=৫ | ২। আকাইদ অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ৫×১=৫ | ২। আকাইদ অংশ থেকে দুইটি প্রশ্ন লিখা | ২×৫=১০ |
| ৩। (১-১০)টি আল আসমাউল হুসনা লিখা/৫জন নবি ও রাসুলের নাম লিখা | ১×১০=১০ | ৩। (১১-২০)টি আল আসমাউল হুসনা লিখা/৫জন নবি ও রাসুলের নাম লিখা | ১×১০=১০ | | |
| ৪। ফিকহ অংশ থেকে দুইটি প্রশ্ন লিখা | ২×৭.৫=১৫ | ৪। ফিকহ অংশ থেকে দুইটি প্রশ্ন লিখা | ২×৭.৫=১৫ | ৩। ফিকহ অংশ থেকে দুইটি প্রশ্ন লিখা | ২×১০=২০ |
| ৫। সালাত সংক্রান্ত একটি আয়াত লিখা | ১×১০=১০ | ৫। সালাত সংক্রান্ত একটি হাদিস লিখা | ১×১০=১০ | ৪। আখলাক অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ১×১০=১০ |
| ৬। আখলাক অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ১×১০=১০ | ৬। আখলাক অংশ থেকে একটি প্রশ্ন লিখা | ১×১০=১০ | ৫। ১০ টি আল আসমাউল হুসনা লিখা/ দশজন নবি ও রাসুলের নাম লিখা | ১×১০=১০ |
| ৭। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৭। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ | ৬। একটি দোয়া অর্থসহ লিখা | ১×১০=১০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ /শূন্যস্থান পূরণ | ৫×১=৫ | ৮। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১=৫ | ৭। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১=৫ |

**শ্রেণি: চতুর্থ** **সময়: ২ ঘন্টা ৩০ মিনিট, লিখিত – ৭০ নম্বর**

| ১ম প্রান্তিক | | ২য় প্রান্তিক | | ৩য় প্রান্তিক | |
|---|---|---|---|---|---|
| **প্রশ্নের আইটেম** | **নম্বর** | **প্রশ্নের আইটেম** | **নম্বর** | **প্রশ্নের আইটেম** | **নম্বর** |
| ১। সঠিক উত্তর বাছাই | ৫×১=১ | ১। সঠিকউত্তর বাছাই | ৫×১=৫ | ১। সঠিকউত্তর বাছাই | ৫×১=৫ |
| ২। সংক্ষেপে উত্তর (৫ টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×৫=১৫ | ২। সংক্ষেপে উত্তর (৫ টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×৫=১৫ | ২। সংক্ষেপে উত্তর (৫ টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×৫=১৫ |
| ৩। বর্ণনামূলক প্রশ্ন (৫টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×১০=৩০ | ৩। বর্ণনামূলক প্রশ্ন (৫টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×১০=৩০ | ৩। বর্ণনামূলক প্রশ্ন (৫টি থেকে ৩টি) (আকাইদ-১, ফিকহ-১ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৩×১০=৩০ |
| ৪। ২০টি আল আসমাউল হুসনা লিখা | ১×১০=১০ | ৪। ২৫ জন নবি ও রাসুলের নাম লিখা | ১×১০=১০ | ৪। ২০টি আল আসমাউল হুসনা লিখা/২৫ জন নবি ও রাসুলের নাম লিখা | ১×১০= ১০ |
| ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×৫=৫ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×৫=৫ | ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×৫=৫ |
| ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১=৫ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১=৫ | ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১= ৫ |

**শ্রেণি: পঞ্চম** **সময়: ২ ঘন্টা ৩০ মিনিট, লিখিত: ৭০ নম্বর**

| প্রশ্নের ধরন | নম্বর |
|---|---|
| ১। সঠিক উত্তর বাছাই | ৫×১=৫ |
| **২। সংক্ষেপে উত্তর (৭টির মধ্যে ৪টি)** (আকাইদ-১, ফিকহ-২ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৪×৩=১২ |
| ৩। বর্ণনামূলক প্রশ্ন **(৭টির মধ্যে ৪টি)** (আকাইদ-১, ফিকহ-২ ও আখলাক-১টি করে উত্তর প্রদান করতে হবে) | ৪×৭.৫=৩০ |
| ৪। ২০টি আল আসমাউল হুসনা লিখা | ১×১০=১০ |
| ৫। একটি দোয়া অর্থসহ লিখা | ১×৮=৮ |

| | |
|---|---|
| ৬। অসম্পূর্ণ বাক্য সম্পূর্ণকরণ/শূন্যস্থান পূরণ | ৫×১=৫ |

**বিশেষ দ্রষ্টব্য: ১. শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

# বিষয়: বাংলা

# শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে ‘সাধারণ নির্দেশনাবলি’ অংশে বর্ণিত নির্দেশনার সাথে বাংলা বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো।

## ক.ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক সহায়িকা অনুসরণ করে পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদের কাজ করতে দেবেন;
- শিক্ষক পাঠ চলাকালে শিক্ষার্থীর কাজ যাচাই করে স্বাক্ষর করবেন ও প্রাসঙ্গিক ফলাবর্তন দেবেন;
- বিষয়ভিত্তিক এমন কিছু কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকের করা সম্ভব নয়, সেগুলো শিক্ষক সহায়িকা অনুসরণ করে শিক্ষার্থীদের করতে দেবেন। যেমন- শোনা ও বলা, ভূমিকাভিনয়, সরব পাঠ, প্রদর্শন, উপস্থাপন ইত্যাদি কাজ। এক্ষেত্রে শিক্ষক নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- পাঠ্যপুস্তক ব্যতীত শিক্ষক প্রয়োজনে পাঠ্যপুস্তকের কাজসমূহ শিক্ষার্থীর অনুশীলন খাতায় বা আলাদা কাগজে করতে দিতে পারেন। পরে সেগুলো যাচাই করে স্বাক্ষর প্রদান করবেন;

প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর পাঠ্যপুস্তকসংগ্রহ করে ও যাচাই করে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে এবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/ জোড়ায়/ দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সম্পন্ন করে;
- রোল-প্লে/ প্রেজেন্টেশন/ প্রজেক্টওয়ার্ক ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে।

প্রতিটি প্রান্তিক শেষে সুবিধাজনক সময়ে শিক্ষক শিক্ষার্থীর সক্রিয়তার মাত্রা বিবেচনা করে নম্বর প্রদান করবেন।

### ক.৩ ভাষাদক্ষতা (৫ নম্বর)

- শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়ন খেয়াল করবেন। শিক্ষার্থীর ভাষাদক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;

- ধারাবাহিক মূল্যায়নের সময় বিশেষ করে 'পড়া' দক্ষতার ওপর শিক্ষক গুরুত্ব দেবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন;
- বোধগম্যতা যাচাইয়ের জন্য শ্রেণি উপযোগী অনুচ্ছেদ পড়তে দিয়ে এবং সংশ্লিষ্ট প্রশ্ন করে উত্তর বলতে বলবেন;
- শ্রুতিলিপি কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শোনা ও লেখার দক্ষতা মূল্যায়ন করবেন;
- দৈবচয়ন (লটারি) পদ্ধতিতে যেকোনো একটি শ্রেণি উপযোগি সহজ শিরোনাম (টপিক) দিয়ে ১মিনিট কথা বলতে দেবেন এবং এর মাধ্যমে শিক্ষার্থীর 'বলা' দক্ষতার মূল্যায়ন করবেন;
- প্রতি প্রান্তিকের শেষদিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন;

## ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। শোনা, বলা ও পড়া মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নেবেন;

  শোনা

  - শ্রুতিলিপি: শিক্ষক কোনো ধ্বনি/বর্ণ/শব্দ/বাক্য সঠিক উচ্চারণে বলবেন অথবা অডিও/ভিডিও শোনাবেন। শিক্ষার্থীরা তা শুনে সঠিকভাবে লিখতে বা বলতে পারল কিনা শিক্ষক তা মূল্যায়ন করতে পারেন;
  - শিক্ষক কোনো একটি ছড়া/কবিতা নিজে এক লাইন বাদ দিয়ে পড়বেন। শিক্ষার্থীরা তার এই ইচ্ছাকৃত ভুল ধরতে পারলে বুঝতে পারা যাবে তাদের শ্রবণ দক্ষতা ভালো;
  - পাঁচ/ছয়জনের গ্রুপ করে চেইন ড্রিলের মাধ্যমে শিক্ষক শিক্ষার্থীদেরকে পরের লাইন আবৃত্তি করতে বলবেন। এতে শিক্ষার্থীদের 'শোনা' ও 'বলা'-র দক্ষতা যাচাই করা যাবে;
  - শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি শ্রুতি সকল শিক্ষার্থীদের শোনাবেন। এরপর শিক্ষার্থীরা কী বুঝলো তা নিজের ভাষায় লিখতে বা বলতে দেবেন।

  **বলা**

  - শিক্ষক প্রমিত উচ্চারণে এক বা একাধিক বর্ণ/শব্দ/বাক্য বলবেন এবং শিক্ষার্থীদেরকে তা শুনে বলতে বলবেন।
  - শিক্ষার্থী নিজের বা চারপাশের কোনো বিষয় সম্পর্কে প্রমিত উচ্চারণে ১ মিনিট বলবে;
  - শিক্ষক কোনো সমমানের পাঠ বা পাঠ্যাংশ পড়তে দিয়ে তার উপরে কিছু নির্ধারিত প্রশ্ন করবেন এবং শিক্ষার্থী উত্তর দেবে। এভাবে তার বলার দক্ষতা মূল্যায়ন করা যাবে;
  - শিক্ষক বিভিন্ন ধরনের চিত্র/গ্রাফ উপস্থাপন করে শিক্ষার্থীদের সে সম্পর্কে ১ মিনিট বলতে বলবেন।

  **পড়া**

  - শিক্ষক পাঠ্যপুস্তকের কবিতা আবৃত্তি অথবা কোনো পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থীর উচ্চারণ, সাবলীলতা ইত্যাদি পরিমাপ করতে পারেন;
  - সমমানের পাঠ বা পাঠ্যাংশ পড়তে দিয়ে তার উপরে কিছু নির্ধারিত প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন। এভাবে তার পড়ার দক্ষতা মূল্যায়নের পাশাপাশি পঠন বোধগম্যতাও পরিমাপ করতে পারবেন;
  - শিক্ষক পাঠ্যপুস্তক থেকে কয়েকটি শব্দ বোর্ডে লিখে দিয়ে শিক্ষার্থীদের পড়ে এর অর্থ/বিপরীত শব্দ/সমার্থক শব্দ/বাক্য রচনা করতে দিতে পারেন।
- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১০ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন;

- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে।
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে। অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**শ্রেণি: তৃতীয় (বাংলা)** **সময়: ২ ঘন্টা ৩০ মিনিট** **লিখিত – ৭০ নম্বর**

| প্রশ্নের আইটেম | নম্বর |
|---|---|
| ১। কবি ও কবিতার নামসহ কবিতা লেখা | ১×৫=৫ |
| ২। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৭টির মধ্যে ৫টি) | ৩×৫=১৫ |
| ৩। রচনামূলক প্রশ্ন (৩টির মধ্যে ২টি) | ৫×২=১০ |
| ৪। শূন্যস্থানপূরণ/ শব্দ দিয়ে বাক্য তৈরি/মিলকরণ/বহুনির্বাচনি প্রশ্ন | ১×৫=৫ |
| ৫। যুক্তবর্ণ ভেঙে লেখা ও শব্দ তৈরি করা (৭টিরমধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৬। শব্দার্থ লেখা (৭টিরমধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৭। বিরামচিহ্নের ব্যবহার/স্ত্রীবাচক/ পুরুষবাচক শব্দ | ১×৫=৫ |
| ৮। এককথায় প্রকাশ/বিপরীত/সমার্থক শব্দ লেখা (৭টির মধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৯। ফরম পূরণ করা | ১×৫=৫ |
| ১০। রচনা/অনুচ্ছেদ লেখা (৩টির মধ্যে ১টি) | ১০×১=১০ |

**শ্রেণি: চতুর্থ (বাংলা)** **সময়: ২ ঘন্টা ৩০ মিনিট** **লিখিত – ৭০ নম্বর**

| প্রশ্নের আইটেম | নম্বর |
|---|---|
| ১। কবি ও কবিতার নামসহ কবিতা লেখা। | ১×৫=৫ |
| ২। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৭টির মধ্যে ৫টি) | ৫×২=১০ |
| ৩। রচনামূলক প্রশ্ন (৪টির মধ্যে ৩টি) | ৩×৫=১৫ |
| ৪। শব্দার্থ লেখ (৭টি রমধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৫। শূন্যস্থান পূরণ/ শব্দ দিয়ে বাক্য তৈরি /মিলকরণ/বহুনির্বাচনি প্রশ্ন | ১×৫=৫ |
| ৬। বিপরীত শব্দ/সমার্থক শব্দ/ক্রিয়ার কাল/ (৭টির মধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৭। বিরাম চিহ্নের ব্যবহার/এক কথায় প্রকাশ | ১×৫=৫ |
| ৮। যুক্তবর্ণ ভেঙে শব্দ তৈরি ও শব্দ দিয়ে বাক্য তৈরি (৭টির মধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৯। কবিতার মূলভাব লিখন/ ফরম পূরণ/বিজ্ঞপ্তি (১টি) | ১×৫=৫ |
| ১০। অনুচ্ছেদ/রচনা লেখ- (৩টির মধ্যে ১টি) | ১×১০=১০ |

**শ্রেণি: পঞ্চম (বাংলা)** **সময়: ২ ঘন্টা ৩০ মিনিট** **লিখিত – ৭০ নম্বর**

| প্রশ্নের আইটেম | নম্বর |
|---|---|
| ১। কবি ও কবিতার নামসহ কবিতা লেখা। | ১×৫=৫ |
| ২। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৭টির মধ্যে ৫টি) | ৫×২=১০ |

| | |
|---|---|
| ৩। রচনামূলক প্রশ্ন (৪টির মধ্যে ৩টি) | ৩×৫=১৫ |
| ৪। শব্দার্থ লেখ (৭টি রমধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৫। শূন্যস্থান পূরণ/ শব্দ দিয়ে বাক্য তৈরি /মিলকরণ/বহুনির্বাচনি প্রশ্ন | ১×৫=৫ |
| ৬। বিপরীত শব্দ/সমার্থক শব্দ/ক্রিয়ার কাল/স্ত্রীবাচক ও পুরুষবাচক শব্দ/সাধু ও চলিতরূপ (৭টির মধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৭। বিরাম চিহ্নের ব্যবহার/এক কথায় প্রকাশ/অনুচ্ছেদ থেকে প্রশ্ন তৈরি | ১×৫=৫ |
| ৮। যুক্তবর্ণ ভেঙে শব্দ তৈরি ও শব্দ দিয়ে বাক্য তৈরি (৭টির মধ্যে ৫টি) | ১×৫=৫ |
| ৯। গদ্য অনুচ্ছেদের/কবিতার মূলভাব লিখন/ ফরম পূরণ/আবেদনপত্র/চিঠি লিখন (১টি) | ১×৫=৫ |
| ১০। অনুচ্ছেদ/রচনা লেখ- (৩টির মধ্যে ১টি) | ১×১০=১০ |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

# বিষয়: ইংরেজি
# শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে ‘সাধারণ নির্দেশনাবলি’ অংশে বর্ণিত নির্দেশনার সাথে ইংরেজি (English for Today) বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিকমূল্যায়ন (৩০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক সহায়িকা অনুসরণপূর্বক পাঠ্যপুস্তকের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীদেরকে বিভিন্ন কাজ বা অ্যাক্টিভিটিসমূহ করতে/লিখতে দেবেন। যেমন- মিলকরণ, শূন্যস্থানপূরণ, সত্য/মিথ্যা, বহুনির্বাচনী, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদি অ্যাক্টিভিটি পাঠ্যপুস্তকে করবে;
- শিক্ষক অধ্যায়ভিত্তিক প্রতিটি পাঠ পরিচালনার সময় পাঠ্যপুস্তকে শিক্ষার্থীদের নির্দেশিত কাজ সম্পন্ন নিশ্চিত করবেন, কোনো কাজ ফাঁকা রাখা যাবে না;
- প্রতিদিনের সেশনে এমন কিছু অ্যাক্টিভিটি/কাজ থাকে যেগুলো পাঠ্যপুস্তকে করা সম্ভব নয় যেমন- শোনা ও বলা, রোল-প্লে, সরবপাঠ, প্রদর্শন, প্রেজেন্টেশন, প্রজেক্ট ওয়ার্ক ইত্যাদি অ্যাক্টিভিটি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে করবে। এ ক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় নোট নেবেন এবং শিক্ষার্থীকে প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন;
- শিক্ষক নির্দিষ্ট সময় অন্তর অন্তর/প্রতি প্রান্তিক শেষে সকল শিক্ষার্থীর পাঠ্যপুস্তক/খাতা/ওয়ার্কশিট/শ্রেণিকক্ষে পরিচালিত অ্যাক্টিভিটি যাচাই করে স্বাক্ষর করবেন এবং প্রাসঙ্গিক ফলাবর্তন দিয়ে সামগ্রিকভাবে শিক্ষার্থীকে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন করে এবং শিক্ষকের প্রশ্নের উত্তর প্রদানে আগ্রহী হয়;
- শিক্ষকের নির্দেশনা অনুসারে শ্রেণিকাজ শুরু ও সম্পন্ন করে;
- শিক্ষকের নির্দেশনামতো একক/ জোড়ায়/ দলগত কাজে আগ্রহের সাথে অংশগ্রহণ করে এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সম্পন্ন করে;
- রোল-প্লে/ প্রেজেন্টেশন/ প্রজেক্টওয়ার্ক ইত্যাদি কাজে অংশগ্রহণ করে ও সম্পন্ন করে;
- বাড়ির কাজ দেওয়া হলে তা সময়মতো সম্পন্ন করে।

শিক্ষক উল্লিখিত বিষয় বিবেচনায় নিয়ে প্রতি প্রান্তিকে শিক্ষার্থীকে একবার মূল্যায়ন করে নম্বর প্রদান করবেন।

**ক.৩ ভাষা দক্ষতা (৫ নম্বর)**

- শিক্ষার্থীর ভাষা দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নে প্রতিটি সেশনে শিক্ষক সহায়িকায় বর্ণিত শিখনযোগ্যতা/ শিখনফল সংশ্লিষ্ট ভাষাদক্ষতা মূল্যায়ন করবেন। বিশেষ চাহিদাসম্পন্ন/বাক প্রতিবন্ধী শিশুর ক্ষেত্রে বিকল্প প্রকাশের মাধ্যমে মূল্যায়ন করতে হবে;
- শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন বিভিন্ন অ্যাক্টিভিটিতে শিক্ষার্থীদের অংশগ্রহণের সময় শিক্ষক সচেতনভাবে প্রত্যেক শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব দেবেন। শিক্ষার্থীর ভাষাদক্ষতা উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন এবং মূল্যায়ন নম্বর দেবেন;
- সকল শিক্ষার্থীর শিখন কার্যক্রমে অংশগ্রহণ ও অর্জনের হার একই রকম নয়; কেউ দ্রুত শেখে, কারো শিখতে সময় লাগে। এ ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকের শেষদিকে শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন কোন অবস্থায় আছে, সেটি বিবেচনায় নিয়ে মূল্যায়ন নম্বর দেবেন;
- ধারবাহিক মূল্যায়নের এ অধিক্ষেত্রে শিক্ষক বিশেষ করে 'পড়া' দক্ষতার উপর গুরুত্বারোপ করবেন। শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বর্ণ, শব্দ, বাক্য, অনুচ্ছেদ পড়তে দেবেন এবং reading with understanding যাচাইয়ের জন্য অনুচ্ছেদ সংশ্লিষ্ট মৌখিক প্রশ্নের উত্তর দিতে বলবেন।

**ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)**

- শিক্ষক প্রতি অধ্যায় শেষে বা গুচ্ছভিত্তিক কয়েকটি সেশনের পর ক্লাস টেস্ট নেবেন। স্বাভাবিক সময়ে শ্রেণি চলাকালীন ক্লাস টেস্ট নেবেন, এ ক্ষেত্রে সম্পূর্ণ ক্লাস বাদ দিয়ে শুধু ক্লাস টেস্ট নেয়া যাবে না;
- ক্লাস টেস্টে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর মূল্যায়ন করবেন। ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন। শোনা, বলা ও পড়ার ক্লাস টেস্ট গ্রহণের সময় শিক্ষক ভাষার বিভিন্ন দক্ষতা মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত বিষয় ও কাজসমূহ থেকে যৌক্তিকভাবে এক/একাধিক কার্যক্রম বাছাই করে শিক্ষার্থীদের করতে দেবেন।

**Listening (Listening to the instructions and following them)**

- শিক্ষক command and instruction related lessons, sound এবং listening focus text ইত্যাদি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন ও নম্বর প্রদান করবেন;
- শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি Text/Rhyme/Poem শিক্ষার্থীকে শোনাবেন। এরপর ছোট ছোট প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষার্থীর শোনার দক্ষতা মূল্যায়ন করবেন।

**Speaking (Saying about a familiar topic)**

- শিক্ষার্থী নিজের/চারপাশের/পাঠ্যপুস্তকে পরিচিত হয়েছে এমন কোনো বিষয় সম্পর্কে সঠিক উচ্চারণে ১ মিনিট বলবে;
- শিক্ষক বিভিন্ন ধরনের ছবি দেখিয়ে শিক্ষার্থীকে সে সম্পর্কে বলতে বলবেন;
- শিক্ষক শিক্ষার্থীর সাথে ইংরেজিতে সংক্ষিপ্ত কথোপকথনের মাধ্যমে শিক্ষার্থীর বলার দক্ষতা যাচাই করবেন।

**Reading**

- পাঠ্যপুস্তকের/সমমানের পাঠ বা পাঠ্যাংশ সরবে পড়তে দিয়ে শিক্ষার্থীর উচ্চারণ, সাবলীলতা ইত্যাদি পরিমাপ করবেন;
- শিক্ষক পাঠ্যপুস্তকের/সমমানের Text/Rhyme/Poem পড়তে দিয়ে তার উপরে কিছু নির্ধারিত প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীকে উত্তর দিতে বলবেন। এভাবে তার পড়ার দক্ষতা মূল্যায়নের পাশাপাশি পঠন বোধগম্যতাও পরিমাপ করবেন;

- শিক্ষক বিষয়বস্তু ও সময় অনুযায়ী প্রতি প্রান্তিকে ১০ নম্বরের দুই বা ততোধিক ক্লাস-টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন;
- ক্লাস টেস্টের ফলাফল পর্যালোচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে ফলাবর্তন প্রদান করবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে।
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

**Class Three, Marks: 70**

| **Reading a text/dialogue and answering questions 1, 2 and 3.<br>[This text/dialogue has to be taken from English for Today, Class Three]** | |
|---|---|
| 1. Multiple Choice Questions/Identifying True or False for each statement | 1x5=5 |
| 2. Fill in the blanks with appropriate words from the box | 1x5=5 |
| 3. Writing answers of the questions from the text/dialogue [Five (5) short questions will be given, and students will have to answer all of them. Knowledge, understanding and higher-order thinking questions need to be considered.] | 10 |
| 4. Matching words with their meanings [1/2 extra items will be given in column B] | 2x5=10 |
| 5. Writing the numbers in words/ordinal numbers [5 items will be given] | 2x5=10 |
| 6. Rearranging words to make meaningful sentences/making meaningful sentences with the given words | 2x5=10 |
| 7. Using capital letters and punctuation marks/Changing singular-plural forms of the words | 1x5=5 |

| | |
|---|---|
| 8. Identifying noun, pronoun, verb/Making negative forms of the declarative sentences [Consider the learning outcomes while setting question for each terminal] | 1x5=5 |
| 9. Writing short composition with clues or without clues [Students will write at least five sentences related to the given topic. Capital letters, punctuation marks, spelling, sentence structure and content need to be considered for marking.] | 10 |

**Class Four** , Marks: 70

| | |
|---|---|
| **Reading a text/dialogue and answering questions 1, 2 and 3**<br>**[This text/dialogue has to be taken from English for Today, Class Four]** | |
| 1. Multiple Choice Questions/Identifying True or False for each statement | 1x5=5 |
| 2. Fill in the blanks with appropriate words | 1x5=5 |
| 3. Writing answers of the questions from the text/dialogue [Five (5) short questions will be given, and students will have to answer all of them. Knowledge, understanding and higher-order thinking questions need to be considered.] | 5 |
| 4. Rearranging words to make meaningful sentences/making meaningful sentences with the given words | 2x5=10 |
| 5. Using capital letters and punctuation marks/Changing singular-plural forms of the words/Using correct prepositions/articles [Consider the learning outcomes while setting questions for each terminal] | 1x5=5 |
| 6.Using correct form of verbs in the sentences. [Tenses discussed in the textbook.] | 2x5=10 |
| 7. Making Wh-Questions. | 2x5=10 |
| 8. Writing informal letter with or without clues. | 10 |
| 9. Writing a short composition with clues or without clues. [Students will write at least five sentences related to the given topic. Capital letters, punctuation marks, spelling, sentence structure and content need to be considered for marking.] | 10 |

**Class Five,** Marks: 70

| | |
|---|---|
| **Reading a text/dialogue and answering questions 1, 2 and 3.**<br>**[This text/dialogue has to be taken from English for Today, Class Five.]** | |
| 1. Multiple Choice Questions/ Write True or False for each statement. | 1x5=5 |
| 2. Fill in the blanks with appropriate words from the box. | 1x5=5 |
| 3. Write the answer to the following questions. [Three (3) short questions will be given, and students will have to answer all of them. Knowledge, understanding and higher-order thinking questions need to be considered.] | 1+2+2=5 |

| | |
|---|---|
| **Reading a text/dialogue and answering questions 4 and 5.**<br>**[This text/dialogue will be taken beyond the textbook, not from English for Today, Class Five. The text should maintain a similar standard of Class Five.]** | |
| 4. Matching words with their meanings. | 1x5=5 |
| 5. Writing question answer in short.<br>[Three (3) short questions will be given, and students will have to answer all of them. Knowledge, understanding and higher-order thinking questions need to be considered.] | 1+2+2=5 |
| 6. Rearranging words to make meaningful sentences/making meaningful sentences with the given words | 2x5=10 |
| 7. Using capital letters and punctuation marks/Using correct prepositions/ articles/Making WH-Questions/appropriate form of adjectives<br>[Consider the learning outcomes while setting questions for each terminal] | 2x5=10 |
| 8. Complete the sentences with the correct form of verbs in the brackets. [Tenses discussed in the textbook.] | 1x5=5 |
| 9. Write a short composition with clues or without clues.<br>[Students will write at least five sentences related to the given topic. Capital letters, punctuation marks, spelling, sentence structure and content need to be considered for marking.] | 10 |
| 10. Writing informal/formal letter with or without clues/ Writing an email with or without clues. | 10 |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

# বিষয়: গণিত

# শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে গণিত বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (১০+৫+৫+১০=৩০)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজগুলো শিক্ষার্থীদের দ্বারা পাঠ্য পুস্তকেই নিয়মিতভাবে সম্পন্ন করাবেন, পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে স্বাক্ষর প্রদান করবেন;
- যে সকল কাজের জন্য অনুশীলন খাতা প্রয়োজন সেগুলো অনুশীলন খাতায় সম্পন্ন করাবেন এবং অনুশীলন খাতা যাচাই করে ফলাবর্তন দেবেন;
- অনুপস্থিতি ও অন্য কোনো কারণে কোনো শিক্ষার্থীর পাঠ্য পুস্তকের কাজ অসম্পূর্ণ থাকলে শিক্ষক সুবিধাজনক সময়ে সেগুলো প্রান্তিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করিয়ে নেবেন;
- শিক্ষক প্রান্তিক মূল্যায়নের পূর্বে কোনো একটি সময়ে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকগুলো সংগ্রহ করবেন এবং পাঠ্যপুস্তকের কাজের মান যাচাই করে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী পাঠ চলাকালীন পাঠসংশ্লিষ্ট আলোচনা, প্রশ্নোত্তর, দলগত কাজ, জোড়ায় কাজ, একক কাজ ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণকরে;
- শিক্ষকের নির্দেশনায় পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজ, বাড়ির কাজ, অনুশীলন নিয়মিত সম্পাদন করে;
- পাঠের সময় সংশ্লিষ্ট প্রশ্ন করেএ বং উত্তর প্রদানে আগ্রহ প্রকাশ করে;
- সকলের সাথে মিলেমিশে কাজ করার আগ্রহ প্রকাশ করে। সহপাঠীদের সহযোগিতা করে;
- শ্রেণিকক্ষের উপকরণ যথাযথভাবে ব্যবহার করে। প্রয়োজনীয় শিখন সামগ্রী যেমন- বই, খাতা, কলম, পেন্সিল, অঙ্কনসামগ্রী নিয়মিত নিয়ে আসে।

### ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)

- কোন গাণিতিক সমস্যা পড়ে শিক্ষার্থী নিজের মতো করে সমস্যাটি ব্যাখ্যা করতে পারে;
- গাণিতিক সমস্যা সমাধানের ধাপগুলো বলতে পারে, অর্থাৎ, কী করতে হবে, কেনো করতে হবে, কীভাবে করতে হবে তা যুক্তি দিয়ে বলতে পারে;
- একটি সমস্যার গাণিতিক বাক্য লিখতে পারে;
- একটি গাণিতিক বাক্যের আলোকে গাণিতিক গল্প বা সমস্যা তৈরি করতে পারে;

শিক্ষার্থীর গণিত বিষয়ের বোধগম্যতা বিবেচনা করে প্রত্যেক শিক্ষার্থীকে প্রতি প্রান্তিকে ৫ এর মধ্যে নম্বর প্রদান করবেন।

### ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

- শিক্ষক প্রতি প্রান্তিকে এক বা একাধিক অধ্যায় শেষে ক্লাস টেস্ট গ্রহণ করবেন;
- ক্লাস টেস্ট লিখিত, মৌখিক, হাতেকলমে ব্যবহারিক, প্রজেক্ট বা কোনো কাজের মাধ্যমে নেওয়া যেতে পারে;
- শিক্ষক শ্রেণিকার্যের মধ্যেই স্বল্প সময়ে ক্লাস টেস্ট গ্রহণ করবেন;

- প্রতি প্রান্তিকে ১০ নম্বরের কমপক্ষে ২টি ক্লাস টেস্ট গ্রহণ করতে হবে, তবে সার্বিক ফলাফল তৈরিতে গড় নম্বর বিবেচনা করতে হবে।

## খ.সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে পাঠ্যপুস্তকের কাজ/সমস্যা সরাসরি না দিয়ে বরং সেগুলো অনুসরনে নতুন প্রশ্ন তৈরির চেষ্টা করতে হবে;
- সমস্যা সমাধানমূলক (বিস্তৃত উত্তর) প্রশ্ন কাঠামোবদ্ধ করতে হবে। পরিচিত প্রেক্ষাপটের আলোকে একটি সমস্যামূলক প্রশ্নের ২/৩টি অংশ থাকতে পারে;
- প্রান্তিক মূল্যায়নের প্রশ্ন কাঠামোতে উল্লিখিত গাণিতিক ধারণা, প্রক্রিয়াগত ধারণা ও সমস্যা সমাধান ক্ষেত্র বিবেচনায় প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- **খ.২ অংশে** লিখিত ও ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে। অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির প্রতি প্রান্তিকে লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো নিচে দেওয়া হলো:

**তৃতীয় শ্রেণি (গণিত), পূর্ণমান: ৭০**

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র.নং | বিষয় | নম্বর | ক্র.নং | বিষয় | নম্বর | ক্র.নং | বিষয় | নম্বর |
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ১. | হুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ | ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ | ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে১০টির উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ৪. | যোগ করি (২টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ৬ | ৪. | গুণকরি (২টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ৬ | ৪. | যোগ, বিয়োগ, গুণ ও ভাগসংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৫. | যোগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ | ৫. | গুণসংক্রান্তসমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে। | ৬ | ৫. | ভগ্নাংশের যোগ ও বিয়োগ সংক্রান্ত সমস্যা (২টি থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৬. | বিয়োগ করি (২টি থাকবে ২টিরই উত্তর দিতে হবে) | ৬ | ৬. | ভাগকরি (২টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ৬ | ৬. | বাংলাদেশি মুদ্রাসংক্রান্ত সমস্যা (২টি থাকবে ২টিরই উত্তর দিতে হবে) | ৬ |
| ৭. | বিয়োগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ | ৭. | ভাগসংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ | ৭. | পরিমাপ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৮. | যোগ ও বিয়োগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির | ৬ | ৮. | গুণ ও ভাগসংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর | ৬ | ৮. | জ্যামিতি (৩টি থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | উত্তর দিতে হবে।) | | | দিতে হবে।) | | | | |
| ৯. | জ্যামিতি (৩টি থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১০ | ৯. | জ্যামিতি (৩টি থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১০ | ৯. | উপাত্ত সংগ্রহ ও বিন্যস্তকরণ | ১০ |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

# চতুর্থ শ্রেণি (গণিত)

## পূর্ণমান: ৭০

### ১ম প্রান্তিক

| ক্র.নং | বিষয় | নম্বর |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ৪. | যোগ ও বিয়োগ করি (২টি থাকবে) | ৬ |
| ৫. | যোগ অথবা বিয়োগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৬. | যোগ-বিয়োগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৭. | গুণ করি (২টি থাকবে) | ৬ |
| ৮. | গুণ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৯. | জ্যামিতি (২টি থাকবে) | ১০ |

### ২য় প্রান্তিক

| ক্র.নং | বিষয় | নম্বর |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ৪. | ভাগ(২টি থাকবে) | ৬ |
| ৫. | ভাগসংক্রান্ত সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ |
| ৬. | গুণিতক ও গুণনীয়ক (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ |
| ৭. | জ্যামিতি (২টি থাকবে) | ১০ |

### ৩য় প্রান্তিক

| ক্র.নং | বিষয় | নম্বর |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ৪. | সাধারণ ভগ্নাংশ সংক্রান্ত সমস্যা | ৬ |
| ৫. | দশমিক ভগ্নাংশ সংক্রান্ত সমস্যা | ৬ |
| ৬. | পরিমাপ (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ |
| ৭. | জ্যামিতি(২টি থাকবে) | ১০ |
| ৮. | উপাত্ত | ৬ |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

## পঞ্চম শ্রেণি (গণিত)

## পূর্ণমান: ৭০

| ১ম প্রান্তিক | | | ২য় প্রান্তিক | | | ৩য় প্রান্তিক | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রনং | বিষয় | নম্বর | ক্র. নং | বিষয় | নম্বর | ক্র. নং | বিষয় | নম্বর |
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টির উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ১ | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টির উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ১ | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টির উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ | ২ | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ | ২ | শূন্যস্থান পূরণ (৫টি প্রশ্ন থাকেব ৫টিরই উত্তর দিতে হবে।) | ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ১০টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যাসমাধান মূলক প্রশ্ন থাকবে।) | ১০ | ৩ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ৭টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ৭ | ৩ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকেব ৭টিরই উত্তর দিতে হবে। এর মধ্যে ৩টি গাণিতিক ধারণা, ৪টি প্রক্রিয়াগত ধারনা ও ৩টি সমস্যা সমাধানমূলক প্রশ্ন থাকবে।) | ৭ |
| ৪. | গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ | ৪ | ভগ্নাংশের সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ | ৪ | গড় সংক্রান্ত সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ |
| ৫. | যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ | ৫ | দশমিক ভগ্নাংশের সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ | ৫ | পরিমাপ সংক্রান্ত সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ |
| ৬. | গুণিতক ও গুণনিয়ক সংক্রান্ত সমস্যা (৩টি প্রশ্ন থাকবে ২টির উত্তর দিতে হবে।) | ১২ | ৬ | শতকরা সংক্রান্ত সমস্যা (২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ | ৬ | তথ্য ও উপাত্ত সংক্রান্ত (২টি সমস্যা থাকবে ১টির উত্তর দিতে হবে।) | ৬ |
| ৭. | জ্যামিতি (২টি থাকবে) | ১০ | ৭ | জ্যামিতি (২টি থাকবে) | ১০ | ৭ | জ্যামিতি (২টি থাকবে) | ১০ |

***বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।**

# বিষয়: বিজ্ঞান

## শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে প্রাথমিক বিজ্ঞান বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

### ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

#### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজগুলো শিক্ষার্থীদের দ্বারা পাঠ্য পুস্তকেই নিয়মিতভাবে সম্পন্ন করাবেন, পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে স্বাক্ষর প্রদান করবেন;
- যে সকল কাজের জন্য অনুশীলন খাতা প্রয়োজন সেগুলো অনুশীলন খাতায় সম্পন্ন করাবেন এবং অনুশীলন খাতা যাচাই করে ফলাবর্তন দেবেন;
- অনুপস্থিতি ও অন্য কোনো কারণে কোনো শিক্ষার্থীর পাঠ্য পুস্তকের কাজ অসম্পূর্ণ থাকলে শিক্ষক সুবিধাজনক সময়ে সেগুলো প্রান্তিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করিয়ে নেবেন;
- শিক্ষক প্রান্তিক মূল্যায়নের পূর্বে কোনো একটি সময়ে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকগুলো সংগ্রহ করবেন এবং পাঠ্যপুস্তকের কাজের মান যাচাই করে নম্বর প্রদান করবেন।

#### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী পাঠ চলাকালীন পাঠসংশ্লিষ্ট আলোচনা, প্রশ্নোত্তর, দলগত কাজ, জোড়ায় কাজ, একক কাজ ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণকরে;
- শিক্ষকের নির্দেশনায় পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজ, বাড়ির কাজ, অনুশীলন নিয়মিত সম্পাদন করে;
- পাঠের সময় সংশ্লিষ্ট প্রশ্ন করেএ বং উত্তর প্রদানে আগ্রহ প্রকাশ করে;
- সকলের সাথে মিলেমিশে কাজ করার আগ্রহ প্রকাশ করে। সহপাঠীদের সহযোগিতা করে;
- শ্রেণিকক্ষের উপকরণ যথাযথভাবে ব্যবহার করে। প্রয়োজনীয় শিখন সামগ্রী যেমন- বই, খাতা, কলম, পেন্সিল, অঙ্কনসামগ্রী নিয়মিত নিয়ে আসে।

#### ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)

শিক্ষক শ্রেণিতে শিখন-শেখানো কার্যক্রম চলাকালে বিষয়বস্তুর বোধগম্যতার মূল্যায়ন করবেন, এজন্য আলাদা কোনো কার্যক্রম পরিচালনার প্রয়োজন নেই। বোধগম্যতা মূল্যায়নের সময় নিম্নবর্ণিত সূচকসমূহ বিবেচনায় নিয়ে মূল্যায়ন করবেন;

- প্রাথমিক বিজ্ঞান বিষয়ের প্রাথমিক ধারণাসমূহ বুঝে ব্যাখ্যা করতে পারা;
- প্রাকৃতিক ঘটনা ও পরীক্ষার ফলাফল দেখে তার কারণ ব্যাখ্যা করতে পারা;
- পর্যবেক্ষণ ও সহজ পরীক্ষণের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে পারা এবং তথ্য বিশ্লেষণ করে সিদ্ধান্তে পৌছাতে পারা;
- বৈজ্ঞানিক শব্দ, চিহ্ন, মাপকাঠি, পাঠসংশ্লিষ্ট উপাত্ত/ ছক ব্যবহার করে ধারণা প্রকাশ করতে পারা;
- কৌতূহলী হয়ে বিষয়সংশ্লিষ্ট বাস্তব কাজ/সমস্যা সমাধান করতে পারা।

### ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

এক বা একাধিক অধ্যায় শেষে ক্লাস টেস্ট নেওয়া হবে। লিখিত, মৌখিক বা ব্যবহারিক কাজের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। শিক্ষক প্রতি প্রান্তিকে ন্যূনতম দুইটি ক্লাস টেস্ট নেবেন এবং গড় নম্বর প্রদান করবেন। উত্তরপত্র মূল্যায়ন শেষে বিষয় শিক্ষক প্রমাণক (উত্তরপত্র/প্রদত্ত নম্বর) সংরক্ষণ করবেন। ক্লাস টেস্ট শেষে শিক্ষক প্রয়োজন অনুযায়ী ফলাবর্তন দেবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- সমস্যা সমাধানমূলক (বিস্তৃত উত্তর) প্রশ্ন কাঠামোবদ্ধ করতে হবে। পরিচিত প্রেক্ষাপটের আলোকে একটি সমস্যামূলক প্রশ্নের ২/৩টি অংশ থাকতে পারে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে। অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

- সামষ্টিক মূল্যায়নের জন্য একটি প্রশ্নপত্র প্রণয়ন করবেন। তিনটি প্রান্তিকের প্রাপ্ত নম্বরের গড় করে বার্ষিক ফলাফল তৈরি করতে হবে;
- তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে সামষ্টিক মূল্যায়নের প্রশ্নের ধরন ও কাঠামো নিম্নরূপ হতে পারে;

## তৃতীয়/চতুর্থ/পঞ্চম শ্রেণি (বিজ্ঞান)

পূর্ণমান: ৭০

| ক্র. নং | প্রশ্নের ধরন | মূল্যায়ন ক্ষেত্র | নম্বর |
|---|---|---|---|
| ১ | বহু নির্বাচনি - ১০টি | জ্ঞান-৪টি, অনুধাবন-৩টি, প্রয়োগ-২টি, উচ্চতর দক্ষতা ১টি | ১×১০=১০ |
| ২ | শূন্যস্থান পূরণ - ৫টি | জ্ঞান-৫টি | ১×৫=৫ |
| ৩ | শুদ্ধ ও অশুদ্ধ নির্বাচন - ৫টি | জ্ঞান-৫টি | ১×৫=৫ |
| ৪ | মিলকরণ - ৫টি | অনুধাবনের উপর জোর দিতে হবে<br>ডানপাশে ২টি অতিরিক্ত বিকল্প থাকবে | ১×৫=৫ |
| ৫ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৭টির মধ্যে ৫টি। কোন প্রশ্নের একাধিক অংশ থাকবেনা) | জ্ঞান-৩টি, অনুধাবন-২টি, প্রয়োগ-১টি, উচ্চতর দক্ষতা ১টি | ৩×৫=১৫ |
| ৬ | বর্ণনামূলক প্রশ্ন (৭টির মধ্যে ৫টি) | জ্ঞান-১, অনুধাবন-২টি, প্রয়োগ-২টি, উচ্চতর দক্ষতা-১ (একাধিক অধ্যায় থেকে প্রশ্ন নিয়ে একটি বর্ণনামূলক প্রশ্ন করা যাবেনা। প্রশ্ন তৈরির ক্ষেত্রে একাধিক অংশ সংবলিত প্রশ্নে জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক প্রশ্ন থাকবে। তবে অভীক্ষায় উচ্চতর দক্ষতা (বিশ্লেষণ, সংশ্লেষণ ও মূল্যায়ন) পরিমাপের প্রতিফলন থাকতে হবে। সম্ভাব্য ক্ষেত্রে চিত্রাংকন সংবলিত প্রশ্ন অন্তর্ভুক্ত করতে হবে। সুস্পষ্ট নম্বর বিভাজন দেখাতে হবে) | ৫×৬=৩০ |
| | **সর্বমোট** | | **৭০** |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

# বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

# শ্রেণি: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম

পূর্বে 'সাধারণ নির্দেশনাবলি' অংশে বর্ণিত নির্দেশনার সাথে বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি) জন্য বিশেষ কিছু নির্দেশনা নিচে উল্লেখ করা হলো:

## ক. ধারাবাহিক মূল্যায়ন (৩০ নম্বর)

### ক.১ পাঠ্যপুস্তকের কাজ সম্পন্ন করা (১০ নম্বর)

- শিক্ষক পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজগুলো শিক্ষার্থীদের দ্বারা পাঠ্যপুস্তকেই নিয়মিতভাবে সম্পন্ন করাবেন, পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে স্বাক্ষর প্রদান করবেন;
- যে সকল কাজের জন্য অনুশীলন খাতা প্রয়োজন সেগুলো অনুশীলন খাতায় সম্পন্ন করাবেন এবং অনুশীলনখাতা যাচাই করে ফলাবর্তন দেবেন;
- অনুপস্থিতি ও অন্য কোনো কারণে কোনো শিক্ষার্থীর পাঠ্যপুস্তকের কাজ অসম্পূর্ণ রয়ে গেলে শিক্ষক সুবিধাজনক সময়ে সেগুলো প্রান্তিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করিয়ে নেবেন;
- শিক্ষক প্রান্তিক মূল্যায়নের পূর্বে কোনো একটি সময়ে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকগুলো সংগ্রহ করবেন এবং পাঠ্যপুস্তকের কাজের মান যাচাই করে নম্বর প্রদান করবেন।

### ক.২ শ্রেণিকাজে সক্রিয়তা (৫ নম্বর)

- শিক্ষার্থী পাঠ চলাকালে পাঠসংশ্লিষ্ট আলোচনা, প্রশ্নোত্তর, দলগত কাজ, জোড়ায়কাজ, একককাজ ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে;
- শিক্ষকের নির্দেশনায় পাঠ্যপুস্তকে প্রদত্ত কাজ, বাড়ির কাজ, অনুশীলন নিয়মিত সম্পাদন করে;
- পাঠের সময় সংশ্লিষ্ট প্রশ্ন করে এবং উত্তর প্রদানে আগ্রহ প্রকাশ করে;
- সকলের সাথে মিলেমিশে কাজ করার আগ্রহ প্রকাশ করে। সহপাঠীদের সহযোগিতা কর;
- শ্রেণিকক্ষের উপকরণ যথাযথভাবে ব্যবহার করে। প্রয়োজনীয় শিখন সামগ্রী যেমন- বই, খাতা, কলম, পেন্সিল, অঙ্কন সামগ্রী নিয়মিত নিয়ে আসে।

### ক.৩ বিষয়বস্তুর বোধগম্যতা (৫ নম্বর)

শ্রেণিতে শিখন-শেখানো কার্যক্রম চলাকালে বিষয়বস্তুর বোধগম্যতার মূল্যায়ন করবেন, এজন্য আলাদা কোনো কার্যক্রম পরিচালনার প্রয়োজন নেই। এই শিরোনামে মূল্যায়নের সময় নিম্নবর্ণিত সূচকসমূহ বিবেচনায় নিয়ে মূল্যায়ন করবেন।

- মূল ধারণা সঠিকভাবে বলতে পারা: পাঠের সাথে সংশ্লিষ্ট মূল বিষয়, শব্দ, ব্যক্তি, স্থান বা ঘটনার নাম ঠিকভাবে বলতে পারে। যেমন: জাতীয় প্রতীক, নদী, জেলা, মুক্তিযুদ্ধ ইত্যাদি বিষয়ে সঠিকভাবে জানে;
- নিজের ভাষায় ব্যাখ্যা করতে পারা: শেখা তথ্য নিজের ভাষায় সংক্ষেপে ব্যাখ্যা বা বর্ণনা করতে পারে। যেমন: কেন স্বাধীনতা দিবস পালন করা হয় তা নিজের ভাষায় বলতে পারে;

- তুলনা, মিলকরণ ও পার্থক্য করতে পারা: দুটি বিষয়, স্থান, ব্যক্তি বা সময়ের মধ্যে পার্থক্য বা মিল করতে পারে। যেমন: গ্রাম ও শহরের জীবনযাপনের পার্থক্য বোঝাতে পারে;
- উদাহরণ দিতে পারা: শেখা বিষয় থেকে প্রাসঙ্গিক উদাহরণ দিতে পারে। যেমন: বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের উদাহরণ দিতে পারে;
- জ্ঞান প্রয়োগ করতে পারা (বাস্তব জীবনে)। শেখা তথ্য নিজের জীবন, সমাজ বা পরিবেশে প্রয়োগ করতে পারে। যেমন: দেশপ্রেম, নাগরিক দায়িত্ব বা পরিবেশ রক্ষায় শেখা জ্ঞান কাজে লাগায়।

### ক.৪ ক্লাস টেস্ট (১০ নম্বর)

এক বা একাধিক অধ্যায় শেষে ক্লাস টেস্ট নেওয়া হবে। লিখিত, মৌখিক বা ব্যবহারিক কাজের সমন্বয়ে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে। শিক্ষক প্রতি প্রান্তিকে ন্যূনতম দুটি ক্লাস টেস্ট নেবেন এবং মূল্যায়নের গড় নম্বর প্রদান করবেন। উত্তরপত্র মূল্যায়ন শেষে বিষয় শিক্ষক প্রমাণক (উত্তরপত্র/প্রদত্ত নম্বর) সংরক্ষণ করবেন। ক্লাস টেস্ট শেষে শিক্ষক প্রয়োজন অনুযায়ী ফলাবর্তন দেবেন।

## খ. সামষ্টিক মূল্যায়ন (৭০ নম্বর)

### খ.১ লিখিত পরীক্ষা (৭০ নম্বর)

- বার্ষিক পাঠ পরিকল্পনার আলোকে প্রতি প্রান্তিকের নির্ধারিত অংশ থেকে প্রশ্নপত্র তৈরি করতে হবে;
- সামষ্টিক মূল্যায়নে প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে অবশ্যই জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতা যাচাইয়ের প্রশ্নের সমন্বয় থাকতে হবে;
- সমস্যা সমাধানমূলক (বিস্তৃত উত্তর) প্রশ্ন কাঠামোবদ্ধ করতে হবে। পরিচিত প্রেক্ষাপটের আলোকে একটি সমস্যামূলক প্রশ্নের ২/৩টি অংশ থাকতে পারে;
- **খ.২ অংশে** লিখিত পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো উল্লেখ করা হয়েছে। প্রতি প্রান্তিকে সামষ্টিক মূল্যায়নের জন্য এই কাঠামো অনুসরণ করা যেতে পারে। অথবা, শিক্ষক যৌক্তিকভাবে প্রশ্ন কাঠামোতে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন।

### খ.২ লিখিত পরীক্ষার প্রশ্ন কাঠামো

প্রতি প্রান্তিক শেষে ১ টি করে মোট৩ টি সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। নিম্নে সামষ্টিক মূল্যায়নের একটি প্রশ্নকাঠামো দেওয়া হলো:

**তৃতীয়/চতুর্থ/পঞ্চম শ্রেণি (বাংলাদেশ ও বিশ্ব পরিচয়)**

| ক্র. ন. | প্রশ্নের ধরন | প্রশ্ন সংখ্যা | মূল্যায়ন ক্ষেত্র | নম্বর বিভাজন |
|---|---|---|---|---|
| ১ | বহু নির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তর) | ১০টি থেকে ১০টি | জ্ঞান- ৪টি, দক্ষতা- ৪টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ২টি | ১০×১=১০ |
| ২ | শূন্যস্থান পূরণ | ৫টি থেকে ৫টি | জ্ঞান- ২টি, দক্ষতা- ২টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ১টি | ৫×১=৫ |
| ৩ | বিকল্প নির্বাচন (শুদ্ধ-অশুদ্ধ) | ৫টি থেকে ৫টি | জ্ঞান- ২টি, দক্ষতা- ২টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ১টি | ৫×১=৫ |
| ৪ | মিলকরণ | ৫টি থেকে ৫টি | জ্ঞান- ২টি, দক্ষতা- ২টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ১টি | ৫×১=৫ |
| ৫ | অল্প কথায় উত্তর | ৭টি থেকে ৫টি | জ্ঞান- ৩টি, দক্ষতা- ৩টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ১টি | ৫×৩=১৫ |
| ৬ | বর্ণনামূলক প্রশ্ন | ৭টি থেকে ৫টি | জ্ঞান- ৩টি, দক্ষতা- ৩টি, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি- ১টি | ৫×৬=৩০ |

**বিশেষ দ্রষ্টব্য: শিক্ষক প্রয়োজনবোধে প্রশ্নকাঠামোতে যৌক্তিক পরিবর্তন করতে পারবেন।**

-০-



